আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর তাকে তিনি শিখিয়ে দেবেন কিতাব, হিকমত, তওরাত, ইঞ্জিল।
সুরা আল ইমরান ৪৮

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ বুধবার ॥ ১৭ জুন ২০২৬ ॥ ০১ মহররম ১৪৪৮ ॥ ০৩ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

একনেকে ৭ হাজার কোটি টাকার ৫ প্রকল্প অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) মোট ৭ হাজার ৩ কোটি ৩৬ লাখ টাকার ৫টি উন্নয়ন প্রকল্প ২ এর পাতায় দেখুন

সংসদ হুটহাট কথা বলার জায়গা নয়, নিয়ম মানতে হবে: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি ও নিয়ম অনুসরণ করে বক্তব্য দিতে সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন স্পিকার ২ এর পাতায় দেখুন



কার্যকর বিরোধীদলের ভূমিকা পালন করবে জামায়াত

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদে 'বগলদাবা' কিংবা সংঘাতমুখী বিরোধীদলের ভূমিকা পালন করবেন না বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন

বন্দি প্রত্যর্পণ চুক্তির আওতায় বেনজীর আহমেদকে ফেরাতে চেষ্টা করছে দুদক

কীর্তনখোলা ডেস্ক
সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেফতার সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দেশে ২ এর পাতায় দেখুন

দক্ষিণাঞ্চলে খুলছে অর্থনীতির নতুন দুয়ার

কীর্তনখোলা রিপোর্ট
দীর্ঘদিনের অপেক্ষা, প্রতিশ্রুতি ও আন্দোলনের পর অবশেষে দক্ষিণাঞ্চলের শিল্পায়নের অন্যতম প্রধান দাবি বাস্তবায়নের পথে এগোতে শুরু করেছে। বিদেশি বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বরিশালে একটি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এবং বরগুনা ও পিরোজপুরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারের এই ঘোষণাকে দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা। পদ্মা সেতু চালুর পর বরিশাল অঞ্চলের মানুষের অন্যতম প্রধান দাবি হয়ে ওঠে একটি ইপিজেড স্থাপন। একই সঙ্গে ছয় লেন মহাসড়ক, ভোলা থেকে পাইপলাইনে গ্যাস সরবরাহ এবং সরাসরি যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে লাহারহাট সেতু নির্মাণের দাবিও জোরালো হয়। ব্যবসায়ী ও নাগরিক সমাজের মতে, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের পর শিল্পায়ন ছাড়া দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো সম্ভব নয়। বরিশালে ইপিজেড স্থাপনের দাবি নতুন নয়। ২০২২ সালে তৎকালীন সংসদ সদস্য ও পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বরিশালে ইপিজেড নির্মাণের আশ্বাস দিয়েছিলেন। সে সময় বরিশালের লাকুটিয়া ও তালতলী এলাকায় সম্ভাব্য স্থান নির্ধারণ করে জমি উন্নয়ন ও ভরাটের উদ্যোগ নেওয়া হয়েছিল। সেনাবাহিনীর তত্ত্বাবধানে প্রাথমিক কার্যক্রমও শুরু হয়েছিল বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছিল। তবে পরবর্তী সময়ে প্রকল্পটি দৃশ্যমান অগ্রগতি পায়নি। সাম্প্রতিক সরকারি ঘোষণার ফলে সেই উদ্যোগ আবারও আলোচনায় এসেছে। সংশ্লিষ্ট সূত্রগুলোর তথ্য অনুযায়ী, বরিশালের ইপিজেড এবং বরগুনা ও পিরোজপুরের অর্থনৈতিক অঞ্চল বাস্তবায়িত হলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় তিন লাখ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে। দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনার অন্যতম ভিত্তি হলো কৃষি, মৎস্য ও নদীনির্ভর অর্থনীতি। দেশের সর্বাধিক ইলিশ উৎপাদনকারী অঞ্চল হিসেবে পরিচিত বরিশাল থেকে ইতোমধ্যে ইলিশ, আমড়া, পেয়ারাসহ বিভিন্ন কৃষিপণ্য বিদেশে রপ্তানি হচ্ছে। এছাড়া এ অঞ্চলে খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মৎস্য ২ এর পাতায় দেখুন

কাবা শরীফে পরানো হলো নতুন গিলাফ

কীর্তনখোলা ডেস্ক
আরবি নববর্ষ ১৪৪৮ হিজরির সূচনালগ্নে পবিত্র কাবা শরীফে নতুন গিলাফ (কিসওয়া) স্থাপন করা হয়েছে। সোমবার (১৫ জুন) স্থানীয় সময় এশার নামাজের পর মসজিদুল হারামে আনুষ্ঠানিকভাবে নতুন গিলাফ উন্মোচন করা হয় ও মঙ্গলবার (১৬) ভোরে তা পুরোপুরি স্থাপন করা হয়। ঐতিহ্য অনুযায়ী হজের সময় কাবার গিলাফ পাল্টানোর কথা থাকলেও গত কয়েক বছর ধরেই আরবি মহররম মাসের শুরুর সময়টাকেই বেছে নিয়েছেন মসজিদুল হারাম ও মীনার মাসজিদ কর্তৃপক্ষ। এবছরও সেই ধারাবাহিকতায় পুরোনো গিলাফ অপসারণ করে নতুন কিসওয়া স্থাপন করা হয়েছে। নতুন গিলাফ দেখার জন্য বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আসা লাখো মুসল্লি অধীর আগ্রহে অপেক্ষা করেন। কাবার গিলাফ, যা ২ এর পাতায় দেখুন

বিসিসি'র মশক নিধন কার্যক্রমে কমেছে মশার উপদ্রব

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে ডেঙ্গুর বিস্তার রোধে মশা নিধনে পরিচ্ছন্নতা কার্যক্রমের পাশাপাশি ওষুধ ছিটাচ্ছে বরিশাল সিটি কর্পোরেশন। এর ফলে এবছর ডেঙ্গুর বিস্তার কমে আসবে বলে মনে করছে বিসিসি। ডেঙ্গু মোকাবেলায় সিটি কর্পোরেশনের কর্মীরা নিয়মিত কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। তবে সিটি কর্পোরেশনের পাশাপাশি জনগণকেও সচেতন হওয়ার পরামর্শ চিকিৎসকদের। গত মে মাস পরিচ্ছন্নতার মাস ও জুন মাসকে বরিশাল সিটি কর্পোরেশন এলাকাকে মশক নিধন মাস হিসেবে ঘোষণা করেন বিসিসি প্রশাসক। এর প্রেক্ষিতে ৫৮ বর্গ কিলোমিটারের বরিশাল নগরীর ২ এর পাতায় দেখুন

বরিশালে ইন্দোনেশিয়া-বাংলাদেশ অর্থনৈতিক সহযোগিতা জোরদারের আলোচনা

কীর্তনখোলা রিপোর্ট
ডি-৮ হালাল এক্সপো ইন্দোনেশিয়া ২০২৬ উপলক্ষে বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে বরিশালে সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১১টায় অনুষ্ঠিত এ সভায় ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের দূতাবাসের দ্বিতীয় সচিব সহিদ নুরকরিম এবং অর্থনৈতিক ও তথ্যপ্রযুক্তিবিষয়ক কর্মকর্তা সপ্ত রুদিয়ান্ত অংশ নেন। তাঁদের সঙ্গে মতবিনিময় করেন বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পরিচালক আ. ন. ম. সাইফুল আহসান আজিম, রফিকুল ইসলাম জনি, হাফিজুর রহমান হিরা ও জিয়াউল ইসলাম সোহাগ। সভায় দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, হালাল শিল্প, কৃষিপণ্য রপ্তানি, তথ্যপ্রযুক্তি খাত এবং ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধির বিভিন্ন সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। বিশেষ করে ডি-৮ হালাল এক্সপো ইন্দোনেশিয়া ২০২৬-এ বাংলাদেশের ব্যবসায়ীদের অংশগ্রহণ এবং হালাল পণ্যের আন্তর্জাতিক বাজার ২ এর পাতায় দেখুন

জনগণের প্রত্যাশার প্রতিফলন ঘটেছে বাজেটে: মীর জাহিদ

কীর্তনখোলা রিপোর্ট
জনগণের প্রত্যাশার প্রতিফলন এবং উন্নয়ন ও কল্যাণমুখী বাজেট ঘোষণাকে স্বাগত জানিয়ে নগরীতে বর্ণাঢ্য স্বাগত র‍্যালি করেছেন বরিশাল মহানগর বিএনপির সাবেক সদস্যসচিব ও সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট মীর জাহিদুল কবির জাহিদ। গতকাল নগরীর বটতলা থেকে শুরু করে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে র‍্যালিটি বিএনপির দলীয় কার্যালয়ের সামনে এসে শেষ হয়। র‍্যালিতে অংশগ্রহণকারী নেতাকর্মীরা বাজেটকে জনকল্যাণমুখী আখ্যা দিয়ে বিভিন্ন স্লোগান দেন। এ সময় অ্যাডভোকেট মীর জাহিদুল কবির জাহিদ বলেন, জনগণের প্রত্যাশা ও চাহিদার প্রতিফলন ঘটিয়ে উন্নয়ন এবং কল্যাণকে গুরুত্ব দিয়ে যে বাজেট ২ এর পাতায় দেখুন

হামের প্রাদুর্ভাবে মোট মৃত্যু ৬৫৭

কীর্তনখোলা ডেস্ক
দেশে হামের উপসর্গে গত এক দিনে আরও একজনের মৃত্যু হয়েছে। এ পর্যন্ত দেশে হাম ও হামের উপসর্গে মোট ৬৫৭ জনের মৃত্যু হয়েছে। হামবিষয়ক হালনাগাদ তথ্যে স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় (সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত) হামের উপসর্গে আরও একজন মারা গেছে। এ সময়ে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ১৪২ জন। এর মধ্যে ১৩৬ জনের হাম শনাক্ত হয়েছে। আর উপসর্গ দেখা গেছে ১ হাজার ৬ জনের। সরকারের তথ্য বলছে, গত ১৫ মার্চ থেকে হামের উপসর্গে দেশে ৫৬৪ জনের মৃত্যুর তথ্য জানা গেছে। এ সময় হাম শনাক্তের পর মারা গেছে ৯৩ জন। চলতি বছরের ২ এর পাতায় দেখুন

গণমাধ্যম কমিশন হবে সবচেয়ে শক্তিশালী প্রতিষ্ঠান : তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
ফ্যাসিবাদ-উত্তর বাংলাদেশের সবচেয়ে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গণমাধ্যম কমিশন গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেছেন, সবাই মিলে সঠিকভাবে গণমাধ্যম কমিশন এবং তার কোয়াসি-জুডিশিয়াল ক্ষমতা সম্পন্ন একটি প্রতিষ্ঠান গড়ে তোলা গেলে সেটিই হবে ফ্যাসিবাদ-উত্তর বাংলাদেশের সবচেয়ে শক্তিশালী প্রতিষ্ঠান। মঙ্গলবার (১৬ জুন) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে 'সংবাদপত্রের কালো দিবস' উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) যৌথভাবে এ সভার আয়োজন করে। ২ এর পাতায় দেখুন

স্ত্রীর পরকীয়া দেখে ফেলায় যুবককে শ্বশুরবাড়িতে ডেকে নিয়ে হত্যা

ভান্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় শাহাদাৎ হোসেন বাপ্পি নামের এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (১৬ জুন) সকালের দিকে ভাণ্ডারিয়া পৌরসভার কানুয়া (৮ নম্বর ওয়ার্ড) এলাকার শ্বশুরবাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত শাহাদাৎ হোসেন বাপ্পি (২৭) উপজেলার ১ নম্বর ভিটাবাড়িয়া ইউনিয়নের উত্তর শিয়ালকাঠী গ্রামের শহিদ হাওলাদারের ছেলে। তিনি আহাদ হাওলাদার মুরসালিন (৬) এবং মুসফিকা (সাড়ে ৩ বছর) নামের দুটি সন্তানের জনক। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা যায়, নিহত বাপ্পির স্ত্রী হাফিজা আক্তার মীম জর্ডানে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। কিন্তু স্বামী বাপ্পি ও তার পরিবার এতে রাজি ছিলেন না। এ নিয়ে পারিবারিক দ্বন্দ্বের জেরে মীম কিছুদিন আগে তার বাবার বাড়িতে চলে আসেন। অভিযোগ রয়েছে, বিদেশ যাওয়ার কাগজপত্র তৈরির অজুহাতে মীম প্রায়ই ঢাকায় যাতায়াত করতেন এবং বিভিন্ন হোটেলে অবস্থান করতেন। নিহতের পরিবারের দাবি, গত ১১ জুন মীম বাপ্পিকে না জানিয়ে পুনরায় ঢাকায় গিয়ে একটি হোটেলে অবস্থান নেন। ওই সময় বাপ্পি মোবাইল ফোনে স্ত্রীর সঙ্গে রাগারাগি করেন। একপর্যায়ে ভিডিও কল দিলে মীম যে হোটেল রুমে ছিলেন, সেখানে এক পুরুষকে দেখতে পান বাপ্পি। ২ এর পাতায় দেখুন

নগরীর ৮ সড়কে ব্যাটারিচালিত রিকশা বন্ধের দাবিতে অবস্থান কর্মসূচী

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর আটটি সড়কে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছেন পায়ে চালিত রিকশাশ্রমিকেরা। দাবি আদায়ে মঙ্গলবার সকালে তাঁরা রিকশা চলাচল বন্ধ রেখে নগরীর অশ্বিনী কুমার টাউন হল চত্বরে সমবেত হন। অবস্থান কর্মসূচিতে অংশ নেন পায়ে চালিত রিকশা শ্রমিক সংগঠনে সভাপতি চান মিয়া, সাধারণ সম্পাদক আবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালামসহ অন্যান্য সদস্যরা। শ্রমিকেরা বলেন, নগরীর নির্ধারিত কয়েকটি সড়কে ব্যাটারিচালিত রিকশার চলাচল বেড়ে যাওয়ায় পায়ে চালিত ২ এর পাতায় দেখুন

চাঁদা দাবি করায় বিএনপির দুই নেতাকে গণপিটুনি

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে বিএনপির দুই নেতার পদ স্থগিত করা হয়েছে। এক বালু ব্যবসায়ীর কাছে চাঁদা দাবির অভিযোগে গণপিটুনির ঘটনার পর উপজেলার চাঁদপাশা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ও ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান জাকির মোল্লা এবং একই ওয়ার্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক মোল্লার পদ স্থগিত করা হয়। মঙ্গলবার সকাল ১০টার দিকে ইউনিয়ন বিএনপির দলীয় প্যাডে এক নোটিশে এ তথ্য জানানো হয়। চাঁদপাশা ইউনিয়ন বিএনপির সভাপতি ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

টিআর-কাবিখা প্রকল্পের কাজ পরিদর্শনে প্রতিমন্ত্রী রাজিব আহসান

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
মেহেন্দিগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে টিআর-কাবিখা প্রকল্পের কাজ পরিদর্শন করেন নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি। মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত বিভিন্ন সড়কে মাটির কাজ পরিদর্শন করেন প্রতিমন্ত্রী। এলাকার সার্বিক উন্নয়ন ও জনকল্যাণমূলক কাজের গুনগত মান বৃদ্ধি ও অগ্রগতি বাড়াতেই কাজ পরিদর্শনে এসেছেন তিনি। দায়িত্ব গ্রহণের পর মেহেন্দিগঞ্জ উপজেলার টেস্ট রিলিফ ও কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের উন্নয়নমূলক কাজ এই প্রথম সরেজমিনে পরিদর্শন করেন মাননীয় প্রতিমন্ত্রী। সকালে জাঙ্গালিয়া ইউনিয়নের কয়েকটি গ্রামীণ সড়কের কাজ পরিদর্শনকালে প্রতিমন্ত্রী রাজিব আহসান কাজের মান নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং গ্রামীণ অবকাঠামো উন্নয়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রেখে দ্রুত কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির আহবায়ক গিয়াস উদ্দিন দিপেন, সদস্য সচিব সিহাব আহামেদ সেলিম, সিনিয়র ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে

দেশে শিশুশিক্ষার মান নিয়ে সন্তোষ প্রকাশের সুযোগ নেই। দেখা যাচ্ছে, প্রাথমিক বিদ্যালয়ের পাঠপর্ব শেষেও বেশির ভাগ শিক্ষার্থী ন্যূনতম মৌলিক সাক্ষরতা (পড়া, লেখা ও প্রাথমিক গণিত) অর্জন করতে পারছে না। চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে উঠেও অনেক শিশু বাংলা রিডিং পড়তে পারছে না অথবা সাধারণ যোগ-বিয়োগ করতে পারছে না। বাংলাদেশ সরকার, ইউনিসেফ ও গ্লোবাল পার্টনারশিপ ফর এডুকেশনের (জিপিই) সহযোগিতায় গত রবিবার আয়োজিত এক কর্মশালায় এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। খবরে বলা হয়, প্রাথমিক শিক্ষায় প্রবেশাধিকার বাড়লেও শেখার মানে বড় ধরনের ঘাটতি থেকে যাচ্ছে। কর্মশালায় যেসব তথ্যচিত্র তুলে ধরা হয়েছে, তাতে দেখা গেছে সাত থেকে ১৪ বছর বয়সী শিশুদের মধ্যে মাত্র অর্ধেক মৌলিক সাক্ষরতায় দক্ষতা অর্জন করছে। একই বয়সী শিশুদের মধ্যে মৌলিক গাণিতিক দক্ষতা রয়েছে মাত্র ৪০ শতাংশের। পঞ্চম শ্রেণি শেষ করা শিক্ষার্থীদের প্রায় ৫০ শতাংশের বাংলায় এবং ৭০ শতাংশের গণিতে প্রয়োজনীয় দক্ষতা নেই। বনিয়াদি শিক্ষায় এই ঘাটতির প্রভাব থেকে যাচ্ছে পরবর্তী শিক্ষাজীবনেও। আরো হতাশার দিক হলো, প্রাথমিক শিক্ষায় প্রায় সর্বজনীন ভর্তির দাবি করা হলেও এখনো প্রায় ১০ লাখ শিশু স্কুলের গণ্ডির বাইরে রয়ে গেছে। মাধ্যমিক স্তরে এই সংখ্যা ৩০ থেকে ৪০ লাখ। আমাদের শিক্ষাব্যবস্থার সবচেয়ে বড় দুর্বলতা হলো মুখস্থনির্ভরতা। শিক্ষার্থীদের ওপর বইয়ের বোঝা চাপিয়ে দিয়ে সেগুলো মুখস্থ করাকেই আসল কাজ বলে ধরে নেওয়া হয়। এ ছাড়া কোচিং, প্রাইভেট ও গাইড নির্ভরতা বেড়েই চলছে। শিক্ষক সংকট আছেই, এর সঙ্গে শিক্ষকদের মানও কাঙ্ক্ষিত পর্যায়ে নেওয়া যায়নি। শিক্ষা খাতে প্রয়োজনীয় বরাদ্দ থাকে না, যেটুকু থাকে তার বড় অংশই অবকাঠামো, বেতন-ভাতা বাবদ চলে যায়। কর্মশালায় প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ জানান, আগামী বছরের মধ্যে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে মিডডে মিল চালু এবং ধাপে ধাপে সব বিদ্যালয়কে সিঙ্গল শিফটে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি প্রশিক্ষণ ছাড়া কোনো শিক্ষক যেন শ্রেণিকক্ষে পাঠদান করতে না পারেন, সে লক্ষ্যে উদ্যোগ নেওয়া হবে। আমরা মনে করি, অর্ধেক শিশু মৌলিক জ্ঞানহীন রেখে একটি দেশের কাঙ্ক্ষিত টেকসই উন্নয়ন অর্জন করা সম্ভব নয়। কাজেই সরকারের নীতিনির্ধারক মহল, শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অংশীজনদের এই সংকটকে অগ্রাধিকার দিয়ে যথাসম্ভব দ্রুত ও বাস্তবমুখী পদক্ষেপ নিতে হবে।

বরিশালে ইন্দোনেশিয়া-বাংলাদেশ

সম্প্রসারণের সুযোগ তুলে ধরা হয়। ইন্দোনেশিয়ার দূতাবাসের প্রতিনিধিরা বলেন, বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে কাজে লাগিয়ে দ্বিপক্ষীয় বাণিজ্য আরও বাড়ানো সম্ভব। এ ক্ষেত্রে ব্যবসায়ী সংগঠনগুলোর মধ্যে নিয়মিত যোগাযোগ ও তথ্য বিনিময় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বরিশাল চেম্বারের নেতারা বলেন, দক্ষিণাঞ্চলের কৃষি, মৎস্য ও ক্ষুদ্র শিল্প খাতের পণ্যের জন্য ইন্দোনেশিয়ার বাজার সম্ভাবনাময়। এ ছাড়া দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে সরাসরি যোগাযোগ বৃদ্ধি পেলে নতুন বিনিয়োগ ও রপ্তানির সুযোগ সৃষ্টি হবে। সভায় অংশগ্রহণকারীরা ডি-৮ হালাল এক্সপো ২০২৬-কে দুই দেশের ব্যবসায়িক সম্পর্ক আরও সুদৃঢ় করার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে উল্লেখ করেন এবং ভবিষ্যতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

কাবা শরীফে পরানো

আরবিতে 'কিসওয়া' নামে পরিচিত, সৌদি আরবের আল জৌদ এলাকায় অবস্থিত কিং আব্দুল আজিজ কমপ্লেক্সে বিশেষ পদ্ধতিতে তৈরি করা হয়। শতাধিক দক্ষ কারিগরের প্রায় ১১ মাসের নিরলস পরিশ্রমে প্রস্তুত হয় এই গিলাফ। দেশটির ঐতিহ্যবাহী নিয়ম অনুসারে সাতটি ধাপে সম্পন্ন করা হয় এর প্রস্তুতকরণ। নতুন কিসওয়া তৈরিতে ব্যবহার করা হয়েছে ৪৭ খণ্ড উচ্চমানের রেশমি কাপড়। এর ওপর স্বর্ণ ও রৌপ্যের সুতায় পবিত্র কোরআনের ৬৮টি আয়াত ক্যালিগ্রাফির মাধ্যমে অলংকৃত করা হয়েছে। এসব আয়াত লেখার জন্য প্রায় ১২০ কেজি ২৪ ক্যারেট স্বর্ণ ও ১০০ কেজি রৌপ্য ব্যবহার করা হয়েছে। সম্পূর্ণ গিলাফটির ওজন প্রায় ১ হাজার ৪১৫ কিলোগ্রাম। অনুষ্ঠানে সৌদি রাজপরিবারের প্রতিনিধিসহ মসজিদুল হারামের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সৌদি আরবের প্রচলিত রীতি অনুযায়ী নতুন গিলাফ কাবা শরীফের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। অন্যদিকে, পুরোনো গিলাফ ছোট ছোট অংশে বিভক্ত করে বিশ্বের বিভিন্ন দেশের গণ্যমান্য ব্যক্তি ও বিশেষ অতিথিদের মধ্যে স্মারক হিসেবে বিতরণ করা হয়।

বন্দি প্রত্যর্পণ চুক্তির আওতায়

ফিরিয়ে আনতে বন্দি প্রত্যর্পণ চুক্তির আওতায় প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ বিষয়ে জাতীয় কেন্দ্রীয় ব্যুরো (এনসিবি) বাংলাদেশের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রয়োজনীয় নথিপত্র পাঠানো হয়েছে। মঙ্গলবার (১৬ জুন) দুদকের উপ-পরিচালক আকতারুল ইসলাম এসব তথ্য জানান। দুদক সূত্র জানায়, বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনার বিষয়ে আইনি ও কূটনৈতিক প্রক্রিয়া এগিয়ে নিতে এনসিবি বাংলাদেশের দুই প্রতিনিধি মঙ্গলবার দুদক কার্যালয়ে যান। সেখানে দুদকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে তার বিরুদ্ধে চলমান মামলা, গ্রেফতারি পরোয়ানা, আদালতের আদেশ এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র নিয়ে আলোচনা হয়। সেগুনবাগিচায় নিজ অফিসে আকতারুল ইসলাম বলন, বেনজীর আহমেদকে ফেরাতে দুদকের পক্ষ থেকে প্রত্যর্পণ প্রস্তাব পাঠানো হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে আরব আমিরাতে এ প্রস্তাব পাঠানো হবে। দুদক কর্মকর্তারা জানিয়েছেন, বেনজীর আহমেদের বিরুদ্ধে দায়ের হওয়া দুর্নীতি ও অবৈধ সম্পদ অর্জনের মামলাগুলোর তথ্য-উপাত্ত, আদালতের আদেশ এবং অন্যান্য প্রয়োজনীয় নথি এনসিবির কাছে হস্তান্তর করা হয়েছে। এসব নথি স্বরাষ্ট্র মন্ত্রণালয় হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কূটনৈতিক চ্যানেলে সংশ্লিষ্ট দেশে পাঠানো হবে। বন্দি প্রত্যর্পণ চুক্তি এবং আন্তর্জাতিক আইনি সহযোগিতার আওতায় তাকে দেশে ফিরিয়ে আনার চেষ্টা চলছে।

কার্যকর বিরোধীদলের ভূমিকা

আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি জানান, জনগণের স্বার্থ রক্ষায় যৌক্তিক ও গঠনমূলক বিরোধীদলের ভূমিকাই পালন করবে তার দল। মঙ্গলবার (১৬ জুন) দুপুরে জাতীয় সংসদের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। এসময় বিরোধীদলের চিফ হুইপ নাহিদ ইসলাম, বিরোধীদলের উপনেতা আবদুল্লাহ মোহাম্মাদ তাহেরসহ জামায়াতে ইসলামীর অন্য নেতারা উপস্থিত ছিলেন। ডা. শফিকুর রহমান বলেন, অতীতে বাংলাদেশে দুই ধরনের বিরোধীদল দেখা গেছে। এক ধরনের বিরোধীদল ছিল সরকারের নিয়ন্ত্রণাধীন, আরেক ধরনের বিরোধীদল সংসদে বিশৃঙ্খলা সৃষ্টি করে দীর্ঘ সময় সংসদ বর্জন করতো। জামায়াত এ দুই ধারার কোনোটিই অনুসরণ করবে না। আমরা বগলদাবা বিরোধীদল হবো না, আবার এমন আচরণও করবো না যাতে জনস্বার্থ ক্ষুণ্ন হয়। তিনি বলেন, সংসদে আমাদের অবস্থান প্রথম দিন থেকেই স্পষ্টড় 'উই উইল বি রিজনেবল অ্যান্ড লজিক্যাল'। জনগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়েই আমরা সংসদে কথা বলবো। বিরোধীদলীয় নেতা জানান, সংসদে এখন পর্যন্ত তারা গণভোটের ফলাফল বাস্তবায়ন, ব্যাংক খাতের সংকট, প্রবাসীদের সমস্যা এবং সীমান্তে 'পুশ-ইন' ইস্যুসহ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে নোটিশ দিয়েছেন। এর মধ্যে প্রবাসীদের সমস্যা সমাধানে একটি সংসদীয় টাস্কফোর্স গঠনের প্রস্তাব দেওয়া হলেও সরকার এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত জানায়নি। সীমান্তে পুশ-ইন প্রসঙ্গে তিনি জানান, বিষয়টিকে 'সংবেদনশীল' উল্লেখ করে নোটিশ প্রত্যাহারের অনুরোধ জানানো হলেও তার দলের সংসদ সদস্য তা প্রত্যাখ্যান করতে চাননি। সংসদের পক্ষ থেকে একবার আলোচনার জন্য নির্ধারণ করা হলেও পরে তা প্রত্যাহার করে কার্যসূচি ঠিক করা হয়েছে। জাতীয় স্বার্থ ও সার্বভৌমত্বের প্রশ্নে বিষয়টি সংসদে আলোচনার দাবি জানান তিনি। এসময় ডা. শফিকুর রহমান সম্পূরক বাজেট উপস্থাপনের সময় নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, কার্যপ্রণালী বিধি অনুযায়ী মার্চে সম্পূরক বাজেট আনার কথা থাকলেও জুনের মাঝামাঝি সময়ে তা উপস্থাপন করা হয়েছে। এতে জবাবদিহি দুর্বল হয় বলে মন্তব্য করেন তিনি। বিরোধীদলীয় নেতা অভিযোগ করেন, অর্থবছরের শেষ দিকে বিপুল পরিমাণ সরকারি অর্থ তড়িঘড়ি করে ব্যয়ের ফলে অপচয় ও অনিয়মের সুযোগ সৃষ্টি হয়। বর্ষাকালে উন্নয়নকাজ বাস্তবায়নের সমালোচনা করে তিনি বলেন, এ সময় কাজের মান নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে।

সংসদ হুটহাট কথা

হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। তিনি বলেন, সংসদ হুটহাট করে কথা বলার জায়গা নয়। এখানে কথা বলতে হলে নির্দিষ্ট নিয়ম ও সময় মেনে চলতে হবে। মঙ্গলবার (১৬ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের অষ্টম দিনের শুরুতে পয়েন্ট অব অর্ডার নিয়ে আলোচনাকালে সংসদ সদস্যদের উদ্দেশ্যে এসব কথা বলেন তিনি। রাজশাহী-১ আসনের সংসদ সদস্য মো. মুজিবুর রহমান এবং রংপুর-৬ আসনরে সংসদ সদস্য মো. নুরুল আমীন পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে কথা বলার পর স্পিকার এসব কথা বলেন। স্পিকার বলেন, সংসদ চলে রুলস অব প্রসিডিউর ও সংবিধানের ওপর ভিত্তি করে। এখানে ৩৫০ জন সদস্যই সমান পারদর্শী এবং সবারই বক্তব্য দেওয়ার অধিকার আছে। তবে সমস্যা অন্তহীন হলেও সংসদ চলে নির্দিষ্ট আইন-কানুনের মধ্যে। পয়েন্ট অব অর্ডার তোলার সঠিক সময় সম্পর্কে তিনি বলেন, পয়েন্ট অব অর্ডার রেইজ (উত্থাপন) করার নির্দিষ্ট সময় হলো প্রশ্নকাল শেষ হওয়ার ঠিক পরপরই। বাজেট অধিবেশন চলাকালে সাধারণত পয়েন্ট অব অর্ডার দেওয়া হয় না। কারণ এটি একটি গুরুত্বপূর্ণ অধিবেশন এবং এখানে দীর্ঘ সময় বক্তব্য রাখতে হয়। যখন ইচ্ছা দাঁড়িয়ে বক্তব্য দিয়ে দেওয়া সংসদে চলে না। সংসদ সদস্য মুজিবুর রহমানের তোলা একটি প্রসঙ্গের জবাবে স্পিকার বলেন, উনি (মুজিবুর রহমান) দেখেছেন আমি মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শন করেছি, যা উনার কাছে সংসদীয় রীতির পরিপন্থি মনে হয়েছে। বিষয়টি নিয়ে তিনি পয়েন্ট অব অর্ডার তুলেছেন। সংসদ সদস্য মো. নুরুল আমীনের পয়েন্ট অব অর্ডারের বিষয়ে স্পিকার বলেন, আমি আপনার আবেগের প্রশংসা করি। আপনি শিক্ষক এবং বেতন না পাওয়া পৌর কর্মচারীদের দুঃখ-দুর্দশার কথা বলেছেন। কিন্তু সবকিছুর একটি নির্দিষ্ট সময় আছে। সংসদ মুখোমুখি চালানো যায় না। কোনো বিষয়ে আলোচনা করতে হলে আগে নোটিশ দিতে হয়। আপনি যদি নিয়ম অনুযায়ী নোটিশ দিতেন, তবে আমরা হয়তো বিধি অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে এ বিষয়ে আলোচনা করতে পারতাম। সুতরাং, ভবিষ্যতে সংসদের কার্যপ্রণালী বিধি অনুসরণ করে দাঁড়ানোর জন্য আপনাদের কাছে সবিনয় নিবেদন রইলো। সংসদ সদস্যদের উদ্দেশ্যে স্পিকার আরও মনে করিয়ে দেন যে, পয়েন্ট অব অর্ডার কেবল চলমান বিষয়ের ওপর ভিত্তি করেই হওয়া উচিত। পাশাপাশি সংসদীয় রীতিনীতি বজায় রাখা সবার দায়িত্ব।

একনেকে ৭ হাজার

অনুমোদন করেছে। অনুমোদিত এসব প্রকল্পে বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল থেকে ৪ হাজার ৫৩৬ কোটি ১০ লাখ টাকা এবং প্রকল্প ঋণ হিসেবে ২ হাজার ৪৬৭ কোটি ২৬ লাখ টাকা জোগান দেওয়া হবে। মঙ্গলবার (১৬ জুন) সচিবালয়ের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এই অনুমোদন দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন তারেক রহমান। এবারের সভায় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে ৩টি সম্পূর্ণ নতুন এবং ২টি সংশোধিত প্রকল্প রয়েছে। সভায় অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, শিল্প, বস্ত্র ও পাট এবং বাণিজ্য মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এবং পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকিসহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একটি বিশেষ প্রকল্প রয়েছে, যা হলো 'সাপোর্টিং ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট ফর চাইনিজ ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোন'। এছাড়া পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে তিনটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ফেনী জেলার মুহুরী-কহুয়া বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ প্রকল্পের পুনর্বাসন (১ম পর্যায়) প্রকল্প, করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প এবং পদ্মা নদীর ভাঙন হতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন তালবাড়িয়া এবং কুমারখালী উপজেলাধীন শিলাইদহ ইউনিয়নের কোমরকান্দি এলাকা রক্ষা (১ম সংশোধিত) প্রকল্প। পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে '১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (৩য় সংশোধিত)' প্রকল্পটিও আজকের সভায় অনুমোদন পায়। এই ৫টি প্রধান প্রকল্পের পাশাপাশি সভায় পরিকল্পনামন্ত্রীর মাধ্যমে এর আগে অনুমোদিত ৫০ কোটি টাকার কম ব্যয় সম্বলিত আরও ৪টি প্রকল্প সম্পর্কে একনেক কমিটিকে আনুষ্ঠানিকভাবে অবহিত করা হয়েছে। এই প্রকল্পগুলোর মধ্যে রয়েছে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি কক্সবাজারে বিমানসেনা ব্যারাক কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজ সাভার স্থাপন প্রকল্প, বাংলাদেশ বিমান বাহিনী স্টেশন শমসেরনগর, বিদ্যমান বিএএফ শাহীন কলেজের শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষাদান সক্ষমতা বৃদ্ধির জন্য ভৌত অবকাঠামো নির্মাণ প্রকল্প এবং প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক ও ক্রিপিটক শিক্ষা কার্যক্রম ৪র্থ পর্যায় প্রকল্প।

বিসিসি'র মশক নিধন কার্যক্রমে

৩০টি ওয়ার্ডেই ডেঙ্গুর বিস্তার রোধে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করেছে সিটি কর্পোরেশন। পাশাপাশি ৩০ দিন একটি করে ওয়ার্ডে মশার ওষুধ ছিটানোর ঘোষণা দেন বিসিসি প্রশাসক। এ বিষয়ে বিসিসির প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস বলেন, বিসিসি প্রশাসক জুন মাসকে মশক নিধন মাস ঘোষণা করেছেন। এর জন্য পাঁচটি টিম গঠন করা হয়েছে। আমাদের ৩৫ টি হ্যান্ড স্প্রে ও ৪৫ টি ফগার মেশিন রয়েছে। এর পাশাপাশি একটি জরুরি টিমও গঠন করা হয়েছে। তিনি বলেন, আমরা জনসচেতনতা বৃদ্ধিতে র‍্যালি ও ২০ হাজার লিফলেট বিতরণ করছি। শেবাচিমে যতজন আক্রান্ত আছে তার মধ্যে সিটি কর্পোরেশনের কোন রোগী নেই। এ থেকে বোঝা যায় আমরা ভালো অবস্থানে রয়েছি। বিসিসির এমন কর্মকাণ্ডকে স্বাগত জানিয়ে নগরবাসী বলছেন মশার উপদ্রব বিগত বছরের চেয়ে অনেকটাই কমেছে। সিটি কর্পোরেশনের পাশাপাশি জনগণ সচেতন হলে ডেঙ্গু থেকে মুক্তি মিলবে। তবে বর্ষা মৌসুমে এ কার্যক্রম অব্যাহত রাখার দাবি নগরবাসীর। নগরীর বাসিন্দা আনিচুর রহমানের সঙ্গে আলাপকালে বলেন, সিটি কর্পোরেশনের এ উদ্যোগ প্রশংসনীয়। বিগত বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে অনেকেই মৃত্যুবরণ করেছেন। গতবারের চেয়ে এ বছর বাসা বাড়িতে মশার স্প্রে ও জনসচেতনতায় বরিশাল সিটি কর্পোরেশনের কার্যক্রমে এলাকায় মশার প্রভাব কমেছে। এতে আমরা সন্তুষ্ট। স্থানীয় জামাল খলিফা বলেন, সিটি কর্পোরেশন এলাকায় আগের চেয়ে মশার উপদ্রব কমেছে। সামনে বর্ষার মৌসুম, তাই এ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। আতাউর রহমান বলেন, মশার ওষুধ না ছিটালে মশার ভয়াবহতা বেড়ে যাবে। এর আগেও অনেকে আক্রান্ত হয়েছে। আমার বাড়ির আশপাশ আমি মোটামুটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখি। যে যার স্থান থেকে বাড়ি-ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখলে থাকে ডেঙ্গুতেও বাসা বাঁধতে পারবেনা, আর রোগ ছড়াবে না। বিগত বছরের তুলনায় বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্তের হার কমেছে বলে জানিয়েছে বিসিসির মেডিকেল অফিসার। মশক নিধন কার্যক্রম ও জনসচেতনতা বৃদ্ধির কারণে ডেঙ্গু এখন পর্যন্ত নিয়ন্ত্রণে রয়েছে বলে জানান তিনি। এ বিষয়ে বিসিসি'র মেডিকেল অফিসার ডা. মোহাম্মদ ফজলে রাব্বি বলেন, বর্তমান সময় আমরা আগের থেকে অনেক ভালো অবস্থানে আছি। কারণ মানুষকে আমরা সচেতন করতে পারছি। আর এতে মশার বিস্তার কমে আসার পাশাপাশি আক্রান্তের হারও কমেছে। তিনি বলেন, শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল জেনারেল হাসপাতাল ও অন্যান্য প্রাইভেট হাসপাতালগুলোতে খবর নিয়ে জানা গেছে এখন আক্রান্তের হার অতটা বৃদ্ধি পায়নি। এখন পর্যন্ত পরিস্থিতি আমাদের নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। আশা করছি আরো নিয়ন্ত্রণে আসবে। তিনি আরও বলেন, ডেঙ্গুকে আমরা দুই ভাগে ভাগ করতে পারি। একটা প্রতিষেধক, আরেকটা প্রতিরোধকমূলক। এজন্য আমাদেরকে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এবং সাধারণ মানুষকেও সচেতনতার সাথে ডেঙ্গু প্রতিরোধে দায়িত্ব নিতে হবে। চলতি বছর বরিশাল জেলায় ৩৩৭ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। এর মধ্যে ৩২৪ জন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছে। চলতি বছর জুন মাস পর্যন্ত ডেঙ্গুতে কারো মৃত্যু হয়নি। আর বর্তমানে জেলার ১৩ জন রোগী হাসপাতালে ভর্তি রয়েছে। যারা আক্রান্ত হচ্ছেন তারা সবাই বরিশাল জেলার বিভিন্ন উপজেলার বাসিন্দা। এ বিষয়ে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, ডেঙ্গুর প্রধান বাহক হচ্ছে মশা। তাই জুন মাসকে আমরা মশক নিধন মাস ঘোষণা করেছি। ডেঙ্গু এবং চিকুনগুনিয়া প্রতিরোধে আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। যে সব ড্রেনের মুখ বন্ধ হয়ে গেছে সেগুলোকে সচল করাসহ পানি যাতে শহরে না জমে সে চেষ্টা করে যাচ্ছি। সিটি কর্পোরেশনের পাশাপাশি নগরবাসীকেও ডেঙ্গু এবং চিকুনগুনিয়া প্রতিরোধে দায়িত্ব পালনের আহ্বান জানান তিনি। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের দেয়া তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগের ৬ জেলায় চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়েছে ১ হাজার ৩৯৮ জন। এর মধ্যে সুস্থ হয়োছে ১ হাজার ৩১৯ জন। বর্তমানে বিভাগের বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছে ৭৯ জন রোগী। চলতি বছর এ পর্যন্ত বিভাগে ডেঙ্গু আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি।

দক্ষিণাঞ্চলে খুলছে অর্থনীতির

প্রক্রিয়াজাতকরণ, হালকা প্রকৌশল, পোশাকশিল্প ও কৃষিভিত্তিক শিল্প বিকাশের ব্যাপক সুযোগ রয়েছে। কিন্তু পর্যাপ্ত শিল্প অবকাঠামো ও বিনিয়োগ সুবিধার অভাবে সেই সম্ভাবনা দীর্ঘদিন ধরে অপূর্ণ রয়ে গেছে। বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি ওবায়দুল হক চান বলেন, "ইপিজেড হলে কর ও শুল্ক সুবিধায় কাঁচামাল আমদানি এবং উৎপাদিত পণ্য সরাসরি বিদেশে রপ্তানি করা যাবে। বরিশাল থেকে ইলিশ, আমড়া ও পেয়ারা রপ্তানি করা হয়। এছাড়া এখানে বেশ কয়েকটি বড় শিল্পকারখানা রয়েছে, যেখানে কাঁচামাল আমদানি করা হয়।"তিনি বলেন, "ইপিজেড হলে আমদানি ও রপ্তানিতে ব্যবসায়ীরা সবচেয়ে বেশি সুবিধা পাবেন। সরকারের এ উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই।" সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তারা জানিয়েছেন, ইপিজেড ও অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ সরকারি খাসজমি বরিশাল, বরগুনা ও পিরোজপুরে রয়েছে। সরকারের ১ নম্বর খাস খতিয়ানের এসব জমি ব্যবহার করা গেলে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা অনেকাংশে এড়ানো সম্ভব হবে। বরিশালের জেলা প্রশাসক খাযরুল আলম সুমন বলেন, "একটি ইপিজেড স্থাপনের প্রস্তাব আমরা লিখিতভাবে দিয়েছি। এটি বাস্তবায়িত হলে স্থানীয় জনগণকে কর্মসংস্থানের জন্য ঢাকা বা চট্টগ্রামে যেতে হবে না। নতুন শিল্পকারখানা গড়ে ওঠায় দারিদ্র্য কমবে এবং মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে।" জেলা প্রশাসক আরও বলেন, "পদ্মা সেতুর মাধ্যমে ঢাকার সঙ্গে সরাসরি সড়ক যোগাযোগ এবং পায়রা সমুদ্রবন্দরের নিকটবর্তী অবস্থান পণ্য পরিবহনে সহায়ক হবে। ইপিজেড তৈরির জন্য পর্যাপ্ত খাসজমি সরকারের রয়েছে।" বিশ্লেষকদের মতে, পদ্মা সেতু চালুর ফলে বরিশালের সঙ্গে রাজধানীর যোগাযোগ ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন এসেছে। পাশাপাশি পায়রা সমুদ্রবন্দরের কার্যক্রম সম্প্রসারণ দক্ষিণাঞ্চলকে একটি সম্ভাবনাময় বিনিয়োগ কেন্দ্রে পরিণত করেছে। একটি ইপিজেড প্রতিষ্ঠিত হলে কাঁচামাল আমদানি, উৎপাদন ও রপ্তানি কার্যক্রম আরও সহজ হবে। একই সঙ্গে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করার সুযোগও বহুগুণ বৃদ্ধি পাবে। র্থনীতিবিদদের মতে, ইপিজেড শুধু একটি শিল্পাঞ্চল নয়; এটি একটি অঞ্চলের সামগ্রিক অর্থনৈতিক রূপান্তরের মাধ্যম। নতুন শিল্পকারখানা গড়ে ওঠার ফলে প্রত্যক্ষ কর্মসংস্থানের পাশাপাশি পরিবহন, আবাসন, ব্যাংকিং, বীমা, শিক্ষা, স্বাস্থ্যসেবা ও ক্ষুদ্র উদ্যোক্তা খাতেও ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি হবে। ফলে দক্ষিণাঞ্চলের অর্থনীতিতে বহুমাত্রিক ইতিবাচক প্রভাব পড়বে। দীর্ঘদিন ধরে শিল্পবঞ্চিত বরিশাল অঞ্চলের মানুষের কাছে সরকারের এই ঘোষণা শুধু একটি উন্নয়ন প্রকল্প নয়, বরং একটি নতুন অর্থনৈতিক ভবিষ্যতের প্রতিশ্রুতি। এখন দক্ষিণাঞ্চলের মানুষের প্রত্যাশা, অতীতের প্রতিশ্রুতির মতো এই উদ্যোগও যেন কাগজে-কলমে সীমাবদ্ধ না থাকে। দ্রুত বাস্তবায়নের মাধ্যমে বরিশালে বহু প্রতীক্ষিত ইপিজেড প্রতিষ্ঠিত হলে শিল্পায়ন, কর্মসংস্থান ও রপ্তানি প্রবৃদ্ধির নতুন অধ্যায়ের সূচনা হবে এবং দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনা বাস্তব রূপ পাবে।

টিআর-কাবিখা প্রকল্পের কাজ

যুগ্ম আহবায়ক আসাদুজ্জামান মুক্তা, বরিশাল উত্তর জেলা যুবদলের আহবায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহবায়ক সৈয়দ নাঈম ইসলাম তুহিন, সদস্য সচিব মাজহারুল ইসলাম পারভেজ, জাঙ্গালিয়া ইউনিয়ন বিএনপির আহবায়ক সাহাবুদ্দিন আজাদ সহ জনপ্রতিনিধি,প্রশাসন ও স্থানীয় দলীয় নেতাকর্মীবৃন্দ।

চাঁদা দাবি করায় বিএনপির

আলমগীর হোসেন স্বপন ও সাধারণ সম্পাদক মো. শাহিন হোসেন নোটিশের বিষয়টি নিশ্চিত করেছেন। নোটিশে বলা হয়, ৪ নম্বর চাঁদপাশা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ও ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান জাকির মোল্লা এবং ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, সংগঠনবিরোধী কর্মকাণ্ড করায় তাঁদের দলের সব সাংগঠনিক পদ স্থগিত করা হয়েছে। নোটিশে আরও বলা হয়, তাঁদের সঙ্গে বিএনপির নেতা-কর্মীদের সাংগঠনিক যোগাযোগ থেকে বিরত থাকতে হবে। তাঁরা বিএনপির কোনো সাংগঠনিক কর্মকাণ্ডে অংশ নিতে পারবেন না বলে নোটিশে উল্লেখ করা হয়। এর আগে সোমবার (১৫ জুন) রাতে উপজেলার চাঁদপাশা ইউনিয়নের রেইনট্রিতলা এলাকায় এক বালু ব্যবসায়ীর কাছে ২০ হাজার টাকা চাঁদা দাবির অভিযোগে স্থানীয় জনতার হাতে গণপিটুনির শিকার হন মেহেদী হাসান ওরফে জাকির মোল্লা ও আব্দুর রাজ্জাক। পরে স্থানীয়ভাবে মুচলেকা নেওয়ার পর রাতেই তাঁদের ছেড়ে দেওয়া হয়।

নগরীর ৮ সড়কে

রিকশাচালকদের আয় কমে গেছে। পাশাপাশি সড়কে যানজট ও দুর্ঘটনার ঝুঁকিও বাড়ছে বলে তাঁদের অভিযোগ। এ কারণে সংশ্লিষ্ট সড়কগুলোতে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানান তাঁরা। সকাল থেকে কয়েক ঘণ্টা অবস্থান কর্মসূচি পালনের পর শ্রমিকেরা রিকশা নিয়ে বরিশাল সিটি কর্পোরেশন কার্যালয়ের সামনে যান। সেখানে গিয়ে তাঁরা অবস্থান নেন এবং প্রশাসনের কাছে নিজেদের দাবি তুলে ধরেন। তবে সিটি কর্পোরেশনের প্রশাসক উপস্থিত না থাকায় তাঁদের সঙ্গে সরাসরি কোনো বৈঠক অনুষ্ঠিত হয়নি। পরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা আন্দোলনকারীদের সঙ্গে কথা বলেন। তাঁরা বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনা হবে এবং এ বিষয়ে পদক্ষেপ নিতে সাত দিনের সময় প্রয়োজন বলে আশ্বাস দেন। আইনশৃঙ্খলা বাহিনীর আশ্বাসের পর আন্দোলনকারীরা তাঁদের কর্মসূচি প্রত্যাহার করে নেন। পরে তাঁরা নিজ নিজ কর্মস্থলে ফিরে যান। এ বিষয়ে আন্দোলনকারী শ্রমিকদের পক্ষ থেকে জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে দাবি বাস্তবায়নের উদ্যোগ না দেখা গেলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হতে পারে।

হামের প্রাদুর্ভাবে

১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে ৮৭ হাজার ৯২৯ জনের। আর এই সময়ে হামে আক্রান্ত হয়েছে ১০ হাজার ৫২৩ জন। হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৭২ হাজার ৪০৫ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ৬৮ হাজার ৭৮২ জন বাড়ি ফিরেছে।

জনগণের প্রত্যাশার প্রতিফলন

উপস্থাপন করা হয়েছে, তা দেশের অর্থনীতি ও সাধারণ মানুষের জীবনমান উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। এ জন্য তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানকে ধন্যবাদ জানান। র‍্যালিতে উপস্থিত ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক হালিম মৃধা, সদস্য নওসাদ হোসেন নান্টু, স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান পিন্টু, বরিশাল জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব কামরুল আহসান, জেলা যুবদলের সহসভাপতি জাহিদ হোসেন, মহানগর যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক মুরাদুল ইসলাম হিমেল, বরিশাল মহানগর ছাত্রদলের আহ্বায়ক এনামুল হাসান তাসনিম এবং জেলা ছাত্রদলের সদস্যসচিব আল-আমিন হোসেনসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা। র‍্যালিটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে বক্তারা দেশের উন্নয়ন ও জনকল্যাণে গৃহীত কার্যক্রমের প্রতি সমর্থন জানিয়ে সংশ্লিষ্ট সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

গণমাধ্যম কমিশন হবে

তথ্যমন্ত্রী বলেন, ৫১ বছর পর সংবাদপত্রের কালো দিবসের সালতামামি করলে দেখা যায়, অতীত ও বর্তমানের সংকট এক নয়। বর্তমানে সংবাদপত্রের কালো দিবস, গণমাধ্যমের সংকট ও সাংবাদিকতা পেশার কালো পরিবেশ একসূত্রে গাঁথা হয়ে গেছে। রাষ্ট্রের নিয়ন্ত্রণ না থাকলেও সাংবাদিকতা পেশায় প্রত্যাশিত সম্মান, মর্যাদা, নিরাপত্তা ও পেশাগত তৃপ্তি অনুপস্থিত। তিনি বলেন, সাংবাদিকদের পেশাগত স্বাধীনতা, আর্থিক নিরাপত্তা ও মর্যাদা- এই তিন বিষয় নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। এই তিন বিষয়কে সমন্বিতভাবে সমাধানের লক্ষ্যে সরকার কাজ করছে। এ উদ্দেশ্যে ১৮ জুন জাতীয় কর্মপরিকল্পনার (ন্যাশনাল অ্যাকশন প্ল্যান) খসড়া প্রণয়নের জন্য মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। জহির উদ্দিন স্বপন বলেন, গণমাধ্যমের পাশাপাশি সিটিজেন জার্নালিজমের বাস্তবতাকে অস্বীকার করা যাবে না, আবার নিয়ন্ত্রণ করাও সম্ভব নয়। অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য ও ইউরোপীয় ইউনিয়নের অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে এ খাতকে একটি কাঠামোর আওতায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। তথ্যমন্ত্রী বলেন, যেসব গণমাধ্যম নিজেদের শিল্পপ্রতিষ্ঠান হিসেবে দাবি করবে, তাদের অবশ্যই প্রচলিত আইন মেনে কর্মীদের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে গণমাধ্যমকে কেবল মুনাফাভিত্তিক শিল্প নয়, জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করতে হবে।

স্ত্রীর পরকীয়া দেখে ফেলায় যুবককে

এ ঘটনাকে কেন্দ্র করে স্বামী-স্ত্রীর মধ্যকার দ্বন্দ্ব চরম পর্যায়ে পৌঁছায়। পরবর্তীতে গত ১৪ জুন মীম ঢাকা থেকে কানুয়ায় তার বাবার বাড়িতে ফিরে আসেন এবং মোবাইল ফোনে বাপ্পিকে সেখানে ডেকে নেন। এ বিষয়ে নিহতের স্ত্রী হাফিজা আক্তার মীম জানান, সোমবার রাতে খাবার শেষ করে তাদের মধ্যে কথাকাটাকাটি হয়। এরপর রাত ১টার দিকে তারা ঘুমিয়ে পড়েন। রাত ২টার দিকে মীমের ঘুম ভাঙলে তিনি বাপ্পিকে না দেখে খুঁজতে শুরু করেন। একপর্যায়ে ঘরের আঁড়ার সঙ্গে ওড়না পেঁচানো অবস্থায় বাপ্পিকে ঝুলতে দেখেন। মীম আরও বলেন, তিনি একাই ওড়না কেটে বাপ্পির দেহ নিচে নামিয়ে খাটে রাখেন এবং পরে বাপ্পির পরিবারকে খবর দেন। তবে বাপ্পির মা রুবী বেগম এই ঘটনাকে পরিকল্পিত হত্যাকাণ্ড বলে দাবি করেছেন। তিনি অভিযোগ করে বলেন, আমার ছেলেকে হত্যা করে এখন গলায় ফাঁসের নাটক সাজানো হচ্ছে। পুত্রবধূ মীম উচ্ছৃঙ্খল জীবনযাপন করত। অন্যজনের সঙ্গে তার সম্পর্ক রয়েছে। দুই দিন আগেও ঢাকায় অন্য জনের সঙ্গে হোটেলে ছিল, যা আমার ছেলে ভিডিও কলে দেখে ফেলে। এই ক্ষোভ থেকেই তারা আমার ছেলেকে মেরে ফেলেছে। এদিকে ঘটনার খবর পেয়ে বাপ্পির মা রুবী বেগম মীমদের বাড়িতে এসে আহাজারি শুরু করলে একপর্যায়ে মীমের চাচাতো ভাই বেল্লাল হাওলাদার তাকে মারধর করেন বলেও অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) রত্নেশর কুমার মন্ডল জানান, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এটি হত্যা নাকি আত্মহত্যা, তা ময়নাতদন্তের প্রতিবেদন ও পুলিশি তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে।

গৌরনদীতে পিআইবির তিনদিন

সমন্বয়কারী জিলহাজ উদ্দিন নিপুন। বক্তব্য রাখেন প্রেসক্লাবের সাবেক সভাপতি ও মাইটিভি প্রতিনিধি মোঃ গিয়াস উদ্দিন মিয়া, সাবেক সভাপতি খোন্দকার মনিরুজ্জামান মনির, সাবেক সাধারন সম্পাদক হানিফ সরদার, যুগ্ম সম্পাদক আমিনা আকতার সোমা। শেষে ৩৫ জন প্রশিক্ষণার্থী সাংবাদিকদের মাঝে সনদ বিতরণ করা হয়।

মঠবাড়িয়ায় ভুয়া ডাক্তারকে

হয়। একই সঙ্গে তার সহযোগী হিসেবে দায়িত্ব পালনকারী শাপলেজা এলাকার মো. মনিরুল ইসলামকেও আটক করা হয়। পরে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০-এর ২৯(২) ধারা অনুযায়ী উভয়কে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথ জানান, জনস্বাস্থ্যের নিরাপত্তা নিশ্চিত করতে অবৈধ ও ভুয়া চিকিৎসকদের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। তিনি সাধারণ মানুষকে চিকিৎসা গ্রহণের আগে সংশ্লিষ্ট চিকিৎসকের নিবন্ধন ও যোগ্যতা যাচাই করার আহ্বান জানান।

মাদকের টাকা না পেয়ে বাবা-মাকে

মাদকের অর্থ জোগাড় করতে না পারলে নিজ বাড়িতে ভাঙচুর চালাতেন এবং তার বাবা-মাকে শারীরিকভাবে নির্যাতন করতেন। পরিবারের পক্ষ থেকে তাকে সুস্থ করে তুলতে ছয় মাস একটি পুনর্বাসন কেন্দ্রে (রিহ্যাব) রাখা হয়েছিল। তবে সেখান থেকে ফিরে এসে আবারও মাদকে জড়িয়ে পড়েন। তিনি আরও জানান, এর আগে ছেলেকে স্বাভাবিক জীবনে ফেরাতে তার বাবা-মা জমি বিক্রি করে বিদেশেও পাঠিয়েছিলেন। কিন্তু সেখানে অবস্থানকালে মাদকাসক্ত বন্ধুদের সংস্পর্শে পড়ে তিনি দেশে ফিরে আসেন এবং পুনরায় মাদকাসক্ত হয়ে পড়েন। মঙ্গলবার সকালে গোপন সংবাদের ভিত্তিতে মাহিলাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৈকত গুহ পিকলুর সহযোগিতায় হরিসেনা গ্রামে অভিযান পরিচালনা করা হয়। এ সময় বিকাশের কাছ থেকে প্রায় ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে তাকে আটক করে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে আদালত উল্লিখিত দণ্ডাদেশ প্রদান করেন বলে জানান মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওই কর্মকর্তা।

আগৈলঝাড়া পাট চাষীদের

৬০ জন চাষী এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন। প্রশিক্ষণ নিতে আসা চাষীরা জানান, এই ধরনের প্রশিক্ষণ তাদের আধুনিক ও লাভজনক পদ্ধতিতে পাট চাষে উৎসাহিত করবে। বক্তারা পাটপণ্যের বহুমুখী ব্যবহার ও মানসম্মত বীজ সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। সরকারের এই উদ্যোগ পাট চাষীদের আত্মনির্ভরশীল করে তুলতে এবং দেশের পাট শিল্পকে সমৃদ্ধ করতে সহায়ক হবে বলে আশা প্রকাশ করেন।

আমতলীতে মহামারী হাম

খবরে পরিবারে নেমে আসে শোকের ছায়া। সন্তানের অকাল মৃত্যুতে বাবা-মা বাকরুদ্ধ ও স্বজনরা শোকে ভেঙে পড়েছেন।ঢাকা থেকে মরদেহ বাড়িতে আনার প্রস্তুতি চলছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, "হাম একটি প্রতিরোধযোগ্য রোগ। শিশুদের নিয়মিত টিকাদান নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। টিকাদান কর্মসূচির আওতায় সকল শিশুকে সময়মতো টিকা দেওয়ার বিষয়ে অভিভাবকদের সচেতন হতে হবে।" এ নিয়ে জেলায় হামে মৃত্যু সংখ্যা দাড়ালো ৮জনে। শিশু আদিলের মৃত্যুতে এলাকায় শোকের আবহ বিরাজ করছে। সামাজিক মাধ্যমে স্থানীয়রা শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মহান আল্লাহর কাছে মরহুমের মাগফিরাত কামনা করেছেন।

নেছারাবাদে বিএনপি নেতা

হয়। দীর্ঘ লাইনে দাঁড়িয়ে অনেকেই শেষবারের মতো প্রিয় নেতাকে একনজর দেখার জন্য অপেক্ষা করেন। অনেকে ভিড়ের কারণে দূর থেকেই তাঁর প্রতি শেষ শ্রদ্ধা জানান। জানাজায় উপস্থিত ছিলেন পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য ও গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর, পিরোজপুর-৩ আসনের সংসদ সদস্য মো. রুহুল আমিন দুলাল, পিরোজপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা বিএনপির সাবেক আহ্বায়ক অধ্যক্ষ মো. আলমগীর হোসেন, জেলা বিএনপির সভাপতি মো. নজরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মো. সাইদুল ইসলাম কিসমত। এ ছাড়া উপস্থিত ছিলেন নেছারাবাদ উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক মো. ফকরুল আলম, সাবেক সদস্যসচিব মো. আব্দুল্লাহ আল বেরুনী সৈকত, স্বরূপকাঠি পৌর বিএনপির সভাপতি মো. কাজী কামাল হোসেন, সাধারণ সম্পাদক মো. মাইনুল হাসান, সাবেক আহ্বায়ক মো. শফিকুল ইসলাম ফরিদ এবং নেছারাবাদ উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. নাসির উদ্দীন তালুকদারসহ স্থানীয় ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। জানাজার আগে সংক্ষিপ্ত বক্তব্যে গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর বলেন, ওয়াহিদুজ্জামান ছিলেন একজন দক্ষ সংগঠক ও জনপ্রিয় নেতা। ছাত্ররাজনীতি থেকে শুরু করে বিএনপির বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব দিয়ে তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। তাঁর মৃত্যুতে নেছারাবাদের রাজনৈতিক অঙ্গনে অপূরণীয় ক্ষতি হয়েছে বলে তিনি মন্তব্য করেন। জানাজা শেষে মরহুম মো. ওয়াহিদুজ্জামানকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

নদী ভাঙন রোধের দাবিতে

ফেস্টুন ও ব্যানার নিয়ে হাজির হন আন্দোলনকারীরা। পরে পানি উন্নয়ন বোর্ডের সামনের সড়কে বসে কিছু সময় বিক্ষোভ করেন তারা। এরপর পানি উন্নয়ন বোর্ডের গেট দিয়ে ভিতরে প্রবেশের সময় পুলিশের বাঁধার মুখে পড়ে তারা। এক পর্যায়ে বাধা অতিক্রম করে ভিতরে প্রবেশ করে স্লোগান দেন তারা। পরে ভোলা পানি উন্নয়ন বোর্ড ডিভিশন-১ এর নির্বাহী প্রকৌশলী মো. জিয়া উদ্দীন আরিফ এসে তাদের সমস্যা সমাধানের আশ্বাস দেন। আশ্বাসের পর স্থান ত্যাগ করেন আন্দোলনকারীরা। ভোলা পানি উন্নয়ন বোর্ড ডিভিশন-১ এর নির্বাহী প্রকৌশলী মো. জিয়া উদ্দীন আরিফ বলেন, 'শিবপুর ও মেদুয়া ইউনিয়ন সিসি ব্লক দ্বারা বাঁধ নির্মাণের জন্য একটি প্রকল্প অনুমোদনের অপেক্ষায় আছে। আশাকরি আগামী এক মাসের মধ্যে প্রকল্পটি অনুমোদন হয়ে যাবে।' তবে আন্দোলনকারী মো. রাকিব হোসেন, মো. আল আমিন ও মো. মিরাজসহ একাধিক ব্যক্তি বলেন, দীর্ঘ দিন ধরে শিবপুর ও মেদুয়া ইউনিয়নের বিভিন্ন অংশ ভাঙনের শিকার হয়েছে। ইতোমধ্যে শিবপুরের ভোলার খাল মৎস্য ঘাট, ফসলি জমি, বসতঘরসহ বিভিন্ন এলাকা বিলীন হয়েছে। পানি উন্নয়নের জিও ব্যাগ ফেললেও ভাঙন ঠেকানো যচ্ছেনা। তাই শিবপুর ও মেদুয়া ইউনিয়নকে ভাঙনের হাত থেকে রক্ষায় দীর্ঘ দিন ধরে সিসি ব্লক দ্বারা স্থায়ী বাঁধ নির্মাণের দাবি করেছি। কিন্তু পানি উন্নয়ন বোর্ড পদক্ষেপ নেয়নি। এ কারণে আজ পানি উন্নয়ন বোর্ড ঘেরাও করেছি। পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আশ্বাস দিয়েছেন আগামী এক মাসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করবেন। তার আশ্বাসে আজকের কর্মসূচি আপাতত শেষ করেছি। এক মাসের মধ্যে কোনো পদক্ষেপ না গ্রহণ করলে আবারও কঠোর কর্মসূচি পালন করবো।

বাউফলে ইউপি কার্যালয়ে তালা, বিএনপি

নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে পৃথক লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। স্থানীয় একাধিক বাসিন্দা ও প্রত্যক্ষদর্শী জানায়, দাসপাড়া ইউপির চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন উপজেলা আওয়ামী লীগের (কার্যক্রম নিষিদ্ধ) সাবেক কোষাধ্যক্ষ। অভিযোগ আছে, ২০২৪ সালের ৫ আগস্ট ক্ষমতার পটপরিবর্তনের পর থেকে ইউনিয়ন পরিষদের নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা করছেন আলী আজম চৌধুরী। একই ইউপি উদ্যোক্তা সাইফুল হাসান ইউপি চেয়ারম্যানের শ্যালক হওয়ায় দুপুরে তাঁকে মারধর করা হয়। একপর্যায়ে ল্যাপটপ ছিনিয়ে নেওয়া হয় এবং তাঁর কক্ষ ও ইউপি কার্যালয়ের মূল ফটকে তালা ঝুলিয়ে দেওয়া হয়। সাইফুল হাসান অভিযোগ করে বলেন, প্রতিদিনের মতো তিনি নিজের কার্যালয়ে বসে নাগরিক সেবা দিচ্ছিলেন। বেলা একটার দিকে আলী আজম চৌধুরীর নেতৃত্বে ১৫-২০ জনের একটি দল সেখানে ঢুকে তাঁকে কক্ষ ছাড়তে বলে। ইউএনওর অনুমতি ছাড়া বের হবেন না জানালে তাঁকে মারধর করা হয়। একপর্যায়ে উপস্থিত ব্যক্তিরা তাঁকে কিল-ঘুষি মেরে আহত করেন এবং তাঁর ল্যাপটপ নিয়ে যান। এদিকে দাসপাড়া ইউপির ৬ নম্বর ওয়ার্ডের সদস্য রফিকুল ইসলাম হাওলাদার বলেন, সকাল ১০টার দিকে আলী আজম চৌধুরীর নেতৃত্বে ৪০-৪৫ জনের একটি দল কালাইয়া বাজারে তাঁর বাসায় গিয়ে একটি কাগজে সই করতে বলে। কাগজে কী লেখা আছে, জানতে চাইলে চেয়ারম্যানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়ার কথা বলা হয়। তিনি স্বাক্ষর দিতে অস্বীকৃতি জানালে জোরপূর্বক তাঁর স্বাক্ষর নেওয়া হয়। এ বিষয়ে তিনি ইউএনওর কাছে লিখিত আবেদন করেছেন। একই ধরনের অভিযোগ করেছেন ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য কুলসুম বেগম। তিনি বলেন, ওই কাগজে স্বাক্ষর করতে অপারগতা প্রকাশ করলে তাঁকে বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়। আগের দিন চোখের অস্ত্রোপচার করিয়ে বিশ্রামে থাকায় ভীত হয়ে তিনি স্বাক্ষর করতে বাধ্য হন। তবে আলী আজম চৌধুরী এসব অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, 'যা কিছু ঘটেছে, তা ইউপি সদস্যরা করেছেন। কোনো ঘটনার সঙ্গে আমার সংশ্লিষ্টতা নেই। উদ্দেশ্যপ্রণোদিতভাবে আমার নাম জড়ানো হচ্ছে।' উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ বলেন, ওই উদ্যোক্তাকে মারধরের খবর তিনি পেয়েছেন, যা অত্যন্ত দুঃখজনক। চেয়ারম্যানের বিরুদ্ধে কয়েকজন সদস্যের দেওয়া অনাস্থা আবেদন পেয়েছেন। পাশাপাশি দুই ইউপি সদস্যের কাছ থেকে জোরপূর্বক স্বাক্ষর নেওয়ার অভিযোগও পাওয়া গেছে। বিষয়গুলো তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেডিকেলের হাসপাতালের সামনে

একই সঙ্গে দখলকৃত ফুটপাত উচ্ছেদ করে পথচারীদের চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। এ ছাড়া অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য ব্যবসা পরিচালনার দায়ে 'মনোয়ারা হোটেল' ও 'ভাই ভাই রেস্তোরা'কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৫৩ ধারায় মোট ৪ হাজার টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনাকারী কর্মকর্তারা জানান, নগরীর জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি, ফুটপাত দখল এবং স্বাস্থ্যবিধি লঙ্ঘনের বিরুদ্ধে এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হবে। জনস্বার্থে আইন প্রয়োগের পাশাপাশি সংশ্লিষ্টদের সতর্কও করা হয়েছে। স্থানীয় বাসিন্দারা ফুটপাত দখলমুক্ত করার উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। তাঁদের আশা, নিয়মিত তদারকি অব্যাহত থাকলে নগরীর পথচারীদের দুর্ভোগ কমবে এবং ব্যবসাপ্রতিষ্ঠানগুলো স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে আরও সচেতন হবে।

কলাপাড়া পৌরসভার ২০২৬-২৭

উন্নয়নমুখী, জনবান্ধব ও সময়োপযোগী বাজেট হিসেবে অভিহিত করেন। পরে সর্বসম্মতিক্রমে তারা খসড়া বাজেটের প্রতি সম্মতি জানান। এ সময় পৌর এলাকার অবকাঠামোগত উন্নয়ন, নাগরিক সেবার মানোন্নয়ন, পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, পরিবেশ সংরক্ষণ এবং আধুনিক নগর ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউছার হামিদ বলেন, নাগরিকদের চাহিদা ও প্রত্যাশাকে প্রাধান্য দিয়ে একটি বাস্তবসম্মত ও টেকসই বাজেট প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এ বাজেট বাস্তবায়নের মাধ্যমে কলাপাড়া পৌরসভাকে আরও আধুনিক ও বাসযোগ্য নগর হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ব্র্যাকের উদ্যোগে প্রান্তিক

বাস্তবায়নে ও সার্বিক তত্ত্বাবধানে সক্রিয় ভূমিকা পালন করেন ভোলা সদর শাখার ব্যাবস্থাপক (দাবি)ড়আবুল কালাম আজাদ অনিমেষ হালদার (সহকারী শাখা ব্যবস্থাপক ভোলা সদর দাবি) বিকাশ চন্দ্র শিল (এক্সটেনশন অফিসার) মোহাম্মদ জহিরুল ইসলাম (শাখা ব্যবস্থাপক দবি মুন্সিরহাট শাখা) রুহুল আমিন (সহকারী শাখা ব্যবস্থাপক দাবি মুন্সিরহাট শাখা) অনুষ্ঠানে আগত প্রান্তিক খামারিদের উন্নত পদ্ধতিতে হাঁস পালনের বিভিন্ন কৌশল, রোগবালাই প্রতিরোধ এবং সঠিক ব্যবস্থাপনার ওপর গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে খামারিদের মাঝে বিনামূল্যে হাঁসের বাচ্চা বিতরণ করা হয়। বক্তারা বলেন, ব্র্যাক সবসময় প্রান্তিক মানুষের পাশে থেকে তাদের জীবনযাত্রার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। এই ধরনের উদ্যোগ গ্রামীণ অর্থনীতিকে আরও গতিশীল করতে এবং নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে বড় ভূমিকা রাখবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

চরফ্যাশন রেসিডেন্সিয়াল

ও প্রযুক্তি ক্ষেত্রে শিক্ষার্থীদের সৃজনশীলতা, গবেষণামনস্কতা এবং উদ্ভাবনী চিন্তার অনন্য উদাহরণ হিসেবে স্বীকৃতি পেয়েছে। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, চরফ্যাশন উপজেলার ইতিহাসে এই প্রথম কোনো শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় পর্যায়ের বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিযোগিতায় স্থান অর্জন করল। এর আগে উপজেলার কোনো প্রতিষ্ঠান জাতীয় পর্যায়ে এমন সাফল্য অর্জন করতে পারেনি। শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক সম্মিলিত প্রচেষ্টার ফল হিসেবে এই অর্জন এসেছে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। কলেজের এই সাফল্যে আনন্দ ও গর্বে উচ্ছ্বসিত পুরো চরফ্যাশন। স্থানীয় সচেতন মহল মনে করছে, এই অর্জন ভবিষ্যতে চরফ্যাশনের শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চা, গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবনে আরও উৎসাহিত করবে এবং জাতীয় পর্যায়ে নতুন নতুন সাফল্যের দ্বার উন্মোচন করবে।

মাদকাসক্ত ছেলেকে কুড়াল

কেন্দ্র করে মা ও ছেলের মধ্যে তীব্র বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে ক্ষোভের বশবর্তী হয়ে মিনারা বেগম ঘরে থাকা কুড়াল দিয়ে ছেলেকে আঘাত করেন। গুরুতর আহত অবস্থায় কাইয়ুমের মৃত্যু হয়। নিহতের ব্যবহৃত মানিব্যাগ তল্লাশি করে মাদক সেবনের বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়। পরে ঘটনার বিভিন্ন আলামত, সাক্ষ্য-প্রমাণ ও জিজ্ঞাসাবাদের ভিত্তিতে হত্যাকাণ্ডের প্রকৃত রহস্য উদ্ঘাটন হয়। এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

কারখানা বন্ধের প্রতিবাদ ও পাওনা

প্রতিষ্ঠান হস্তান্তরের দাবি জানানো হয়েছে। মিছিল শেষে রূপাতলী গোলচত্বরে আয়োজিত বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার লিমিটেড শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সেলিম সরদার। সমাবেশে অন্যদের মধ্যে বাংলাদেশের সমাজতান্ত্রিক দলের (বাসদ) বরিশাল জেলা শাখার সদস্য মো. বেল্লাল হোসেন গাজী, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের বরিশাল জেলা শাখার দপ্তর সম্পাদক মো. শহিদুল ইসলাম, বরিশাল রিকশা-ভ্যান চালক শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক শহিদুল শেখ, অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার লিমিটেড শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. পাভেল হাওলাদার, যুগ্ম সাধারণ সম্পাদক মো. শাকিল খান প্রমুখ বক্তব্য দেন। সমাবেশে বক্তারা বলেন, কারখানা বন্ধের নোটিশ পাওয়ার পর এক সপ্তাহ ধরে শ্রমিক-কর্মচারীরা চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। বর্তমানে প্রত্যেক শ্রমিকের পরিবার আর্থিক সংকটে আছে। বকেয়া মজুরি ও অন্যান্য পাওনা পরিশোধ না করায় অনেক পরিবার মানবেতর জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। শ্রমিকদের ভবিষ্যৎ নিয়ে কোনো ধরনের সুনির্দিষ্ট আশ্বাস না থাকায় উদ্বেগ বেড়েছে। শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সেলিম সরদার অভিযোগ করেন, বছরের পর বছর শ্রমিকদের শ্রমে গড়ে ওঠা প্রতিষ্ঠানটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিলেও শ্রমিকদের স্বার্থ রক্ষায় কার্যকর কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না। মালিকানা পরিবর্তন হলে বর্তমান শ্রমিকদের বাদ দিয়ে নতুন শ্রমিক নিয়োগ দেওয়ার চেষ্টা করলে তা মেনে নেওয়া হবে না। ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. পাভেল হাওলাদার বলেন, দীর্ঘদিন ধরে কর্মরত শ্রমিকেরাই কারখানার উৎপাদনব্যবস্থা, যন্ত্রপাতি পরিচালনা ও প্রযুক্তিগত বিষয় সম্পর্কে অভিজ্ঞ। প্রতিষ্ঠানটি নতুন মালিকের কাছে হস্তান্তর করলেও বর্তমান শ্রমিকদের চাকরিতে রাখতে হবে। একই সঙ্গে শ্রম আইন অনুযায়ী তাঁদের সব পাওনা দ্রুত পরিশোধ করতে হবে। অন্যথায় কঠোর কর্মসূচি নেওয়া হবে বলে হুঁশিয়ারি দেন তিনি। ১০ জুন কারখানার ব্যবস্থাপনা পরিচালক অনিকা রহমান স্বাক্ষরিত এক নোটিশে জানানো হয়, দীর্ঘদিনের ব্যবসায়িক লোকসান, কাঁচামাল ও ডলার-সংকট এবং এলসি জটিলতার কারণে উৎপাদন কার্যক্রম চালিয়ে যাওয়া কষ্টসাধ্য হয়ে পড়েছে। এমতাবস্থায় ১৩ জুন থেকে প্রতিষ্ঠানটির উৎপাদন কার্যক্রম স্থায়ীভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর ধারা ২৬ ও ২৮ অনুযায়ী প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক, কর্মকর্তা-কর্মচারীদের ছাঁটাই করা হবে বলে নোটিশে বলা হয়েছে। তবে শ্রম আইনানুযায়ী তাঁদের সব পাওনা যথাসময়ে পরিশোধ করা হবে বলেও কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছে। সমাবেশে বক্তারা আরও বলেন, কোনো ধরনের পূর্বঘোষণা ছাড়া এভাবে কারখানা বন্ধ করার কোনো বিধান নেই। শ্রমিকদের দুই মাসের বকেয়া বেতন-ভাতাসহ যাবতীয় পাওনা পরিশোধ করার বিষয়ে সুনির্দিষ্টভাবে কিছুই জানানো হয়নি। এতে চাকরিচ্যুত শ্রমিকেরা পরিবার নিয়ে বিপাকে পড়েছেন। দ্রুত সময়ের মধ্যে দাবি পূরণ না হলে আগামী দিনে আরও কঠোর আন্দোলনের ঘোষণা দেওয়া হবে।

গবেষণার মানোন্নয়নে বদ্ধপরিকর

পদ্ধতি, গবেষণার নৈতিকতা, বিজ্ঞানভিত্তিক চিন্তাভাবনা এবং তথ্যপ্রযুক্তি বিশ্লেষণের দক্ষতা আমাদের অর্জন করতে হবে। বর্তমানে এমন একটা সময়ে আমরা প্রবেশ করেছি যেখানে তথ্যপ্রযুক্তির অবাধ প্রবাহ এবং অভূতপূর্ব উন্নতি সাধন হয়েছে। সেখানে গবেষণার ক্ষেত্র এবং পদ্ধতি প্রতিনিয়তই পরিবর্তন হচ্ছে।' তিনি বলেন, 'আজকে সারাদিনের কর্মশালায় যারা অংশ নেবে এবং যে জ্ঞান ও দক্ষতা অর্জন করবে, তার মাধ্যমে তাদের ভবিষ্যৎ জীবন গবেষণার দিকে ধাবিত হবে এবং গবেষণার প্রতি আগ্রহ সৃষ্টি হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবারের পক্ষ থেকে আমি একটি কথা বলতে চাই, গবেষণার মান উন্নয়ন, গবেষণায় দক্ষতা বৃদ্ধি, গবেষকদের দক্ষতা বৃদ্ধি এবং গবেষণার একটি সুন্দর পরিবেশ সৃষ্টির জন্য আমরা বদ্ধপরিকর। একইসাথে আমরা গবেষণার এমন একটি প্ল্যাটফর্ম তৈরি করব, যেখানে আমাদের উদ্ভাবন, সৃজনশীলতা এবং উৎকর্ষতা গুরুত্ব পাবে।' কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে বক্তব্য ও প্রশিক্ষণ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগের প্রফেসর ড. এস এম মোস্তফা আল মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ তৌফিকুল ইসলাম, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. মো: মুহসিন উদ্দিন এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইকোনমিক্স অ্যান্ড সোশিওলজি বিভাগের প্রফেসর ড. বদিউজ্জামান। তারা গবেষণা পদ্ধতি, গবেষণা প্রস্তাবনা প্রণয়ন, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ, গবেষণাপত্র লেখার কৌশল এবং প্রকাশনা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক মোহসিনা হোসাইনের সভাপতিত্ব কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৫টি বিভাগের ১০০ জন থিসিস শিক্ষার্থী প্রশিক্ষণ নেন। এছাড়াও কর্মশালায় বিভিন্ন বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ইউরোপে পোশাক রপ্তানির আয়

তথ্য বলছে, ২০২৫ সালের প্রথম তিন মাসে (জানুয়ারি-মার্চ) ইউরোপীয় ইউনিয়নে যেখানে বাংলাদেশের পোশাক রপ্তানি ছিল ৫ হাজার ৬৮৭ মিলিয়ন ইউরোর, ২০২৬ সালের একই সময়ে (জানুয়ারি-মার্চ) তা কমে ৪ হাজার ৫৯১ মিলিয়ন ইউরোতে নেমেছে। ইউরোস্ট্যাটের তথ্যমতে, এ বছরের প্রথম তিন মাসে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ইউরোপের পোশাক আমদানি কমেছে ১১ দশমিক ৬২ শতাংশ। ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়ে ২৩ হাজার ৮৬০ মিলিয়ন ইউরোর পোশাক আমদানি করে ইইউ, ২০২৬ সালের একই সময়ে তা কমে ২১ হাজার ৮৮ মিলিয়ন ইউরোতে নেমেছে। এসময়ে গত বছরের তুলনায় ইউরোপে চীনের পোশাক রপ্তানি কমেছে ৮ শতাংশ। তবে বাংলাদেশের প্রধান প্রতিদ্বন্দ্বী ভিয়েতনামের পোশাক রপ্তানি কমেছে মাত্র ২ শতাংশ। ভিয়েতনাম ২০২৫ সালের প্রথম তিন মাসে ইউরোপে ১ হাজার ৭৫ মিলিয়ন ইউরোর পোশাক রপ্তানি করেছিলো, ২০২৬ সালের একই সময়ে তা কমে ১ হাজার ৫২ মিলিয়ন ইউরোতে নেমেছে। ইউরোস্ট্যাটের তথ্য বলছে, চলতি বছরের প্রথম তিন মাসে ইউরোপে তুর্কির পোশাক রপ্তানি কমেছে ১৯ শতাংশ, ভারতের ১০ শতাংশ, কম্বোডিয়ার ১৬ শতাংশ, পাকিস্তানের ১৭ শতাংশ, মরক্কোর ১০ শতাংশ, শ্রীলঙ্কার ১২ শতাংশ ও ইন্দোনেশিয়ার রপ্তানি কমেছে ১৮ শতাংশ। এরমধ্যে সবেচেয়ে বেশি পোশাক রপ্তানি কমেছে বাংলাদেশরই। তথ্যমতে, গত বছরের তুলনায় চলতি বছরের প্রথম তিন মাসে ইউরোপে বাংলাদেশের পোশাক রপ্তানির পরিমাণ কমেছে ৮ দশমিক ৩২ শতাংশ আর পণ্যের দাম কমেছে ১১ দশমিক ৯৩ শতাংশ।

তিন মাসে প্রথমবার

ব্যারেলপ্রতি ৮০ ডলারের নিচে নেমে এসেছে। ব্যবসায়ীদের আশা, দুই দেশের মধ্যকার চলমান উত্তেজনা নিরসনে শিগগির একটি স্থায়ী চুক্তি সম্পন্ন হতে যাচ্ছে। মঙ্গলবার (১৬ জুন) বিশ্ববাজারে ব্রেন্ট ক্রুডের দাম কমে ব্যারেলপ্রতি ৭৯ দশমিক ৯৬ ডলারে নেমেছে। গত ৩ মার্চ থেকে এটিই তেলের সর্বনিম্ন দাম। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলা শুরুর পর থেকেই উদ্ধমুখী ছিল তেলের দাম। তবে ওয়াশিংটন ও তেহরানের মধ্যে সমঝোতার আশাবাদ তৈরি হওয়ার পর গত বৃহস্পতিবার থেকে এ পর্যন্ত ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি অন্তত ১৫ ডলার কমেছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতার পর ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, তাদের তেলের ট্যাংকারগুলো ফের সমুদ্রে চলাচল শুরু করেছে। এই খবরটি আসার পরপরই বিশ্ববাজারে তেলের দাম আরও কমে যায়। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনের এক প্রতিবেদনে বলা হয়েছে, তিনটি ইরানি তেল ট্যাংকার বর্তমানে উত্তর ভারত মহাসাগরে চলাচল করছে। এ ছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্য এবং গবাদি পশুর খাদ্যবাহী আরও দুটি ট্যাংকার দেশের দক্ষিণাঞ্চলীয় বন্দরগুলোর উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, 'নৌ-অবরোধ প্রত্যাহারের প্রক্রিয়া এরই মধ্যে কার্যকর করা হয়েছে।' এতে ইঙ্গিত পাওয়া যায় যে, ইরানের ওপর মার্কিন নৌবাহিনীর আরোপিত কঠোর অবরোধ শিথিল করা হয়েছে। এদিকে হরমুজ প্রণালি আগামী শুক্রবারের মধ্যে ফের উন্মুক্ত হতে যাচ্ছেড় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এমন আশাবাদের সঙ্গে পুরোপুরি একমত হতে পারছেন না তার ইউরোপীয় মিত্ররা। জি-৭ (এ৭) শীর্ষ সম্মেলনে অংশ নেওয়া ইউরোপীয় নেতারা ট্রাম্পের মতো এতটা নিশ্চিত হতে পারছেন না বলে কূটনৈতিক সূত্রে জানা গেছে। তবে আশাবাদের ঘাটতি থাকলেও বিশ্ববাজার আপাতত শান্তি চুক্তির সম্ভাবনাকেই ইতিবাচকভাবে দেখছে, যার প্রতিফলন ঘটছে জ্বালানি তেলের নিম্নমুখী দামে।

ভাণ্ডারিয়ায় ভ্রাম্যমান আদালতে মাছ ব্যাবসায়ীকে জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল মঙ্গলবার বিকালে স্থানীয় মাছ বাজারে মো. রিপন সরদার (৩০) নামের এক মাছ ব্যাবসায়ীকে মাছে রং মিশানো এবং অবৈধ শাপলাপাতা মাছ বিক্রির অপরাধে ভোক্তা অধিকার ২০০৯সালের আইনের ৪০ধারায় ২০০০০/-(বিশ হাজার)টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান এ জরিমানা করেন। এসময় মাছ জব্দ করে তা বিভিন্ন এতিম খানায় বিতরণ এবং শাপলা পাতা মাছটিকে মাটিতে পুতে রাখার নির্দেশ দেয়া হয়। মাছে রং মিশানোর খবরে নির্বাহী ম্যাজিস্ট্রেট মাছ বাজারে গেলে বিক্রেতা বাহিরে থাকায় সিসিটিভি ফুটেজ চেক করে ঐ মাছ বিক্রেতাকে সনাক্ত করে তার উপস্থিতিতে জরিমানা করা হয় এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়। এসময় থানাপুলিশ ও কোস্টগার্ড সহায়তা করেন।

জমি দখলকে কেন্দ্র করে হামলার অভিযোগ

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের মনিরাম বাজারে জমি ও দোকানঘর দখলের চেষ্টাকে কেন্দ্র করে হামলা, মারধর এবং প্রাণনাশের হুমকির অভিযোগ উঠেছে। এ ঘটনায় নাজমা বেগম নামে এক নারী বোরহানউদ্দিন থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, টবগী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মোঃ আবদুল্লাহ, মোঃ ওমর, মোঃ হাসান, মোঃ হারুন, নুর নবী ও নজরুল হক দীর্ঘদিন ধরে নাজমা বেগমদের রেকর্ডভুক্ত সম্পত্তির ওপর থাকা দোকানঘর ও জমি জবরদখলের চেষ্টা করে আসছেন। বিষয়টি নিয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মাধ্যমে একাধিকবার সালিশের উদ্যোগ নেওয়া হলেও তা সফল হয়নি। অভিযোগে উল্লেখ করা হয়, গত ১৬ জুন ২০২৬ তারিখ সকাল আনুমানিক ১০টার দিকে মনিরাম বাজারের পূর্ব পাশে অবস্থিত ওই দোকানঘর জোরপূর্বক দখলের চেষ্টা করা হলে নাজমা বেগম ও তার পরিবারের সদস্যরা বাধা দেন। এ সময় অভিযুক্তরা তাদের ওপর অতর্কিত হামলা চালায় বলে অভিযোগ করা হয়েছে। নাজমা বেগমের দাবি, হামলার সময় তাকে মারধর করে আহত করা হয় এবং তার কোলের ১৬ মাস বয়সী শিশুকেও ছুড়ে ফেলে দেওয়া হয়। পাশাপাশি তাকে ও তার পরিবারের সদস্যদের প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। পরে স্থানীয় লোকজন এগিয়ে এসে আহতদের উদ্ধার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার ব্যবস্থা করেন। এ ঘটনায় নাজমা বেগম আইনগত প্রতিকার চেয়ে বোরহানউদ্দিন থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। অন্যদিকে অভিযোগের বিষয়ে অভিযুক্ত পক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তারা দাবি করেন, উক্ত জমি তাদের মালিকানাধীন। দীর্ঘদিন অন্যের দখলে থাকায় তারা দখল কিনে নিয়েছেন বলে জানান। এ বিষয়ে বোরহানউদ্দিন থানা সূত্রে জানা গেছে, লিখিত অভিযোগ গ্রহণ করা হয়েছে। বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভোলায় বিপুল পরিমাণ কয়লা জব্দ, ৪ জন আটক

ভোলা প্রতিনিধি

ভোলার দৌলতখাঁন উপজেলার হাজীপুর ইউনিয়নের চরসংলগ্ন মেঘনা নদীতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ চোরাই কয়লা জব্দ করেছে কোস্টগার্ড। এ সময় চোরাই কয়লা পরিবহনে ব্যবহৃত দুটি ইঞ্জিনচালিত ট্রলারসহ ৪ জনকে আটক করা হয়েছে। সোমবার (১৫ জুন) বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে কোস্টগার্ড দক্ষিণ জোনের সদস্যরা মেঘনা নদীর ওই এলাকায় এই অভিযান পরিচালনা করেন। মঙ্গলবার কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা সাব্বির আলম সুজনের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, হাজীপুর চরসংলগ্ন মেঘনা নদীতে চোরাই কয়লা পাচার হচ্ছে, এমন গোপন সংবাদের ভিত্তিতে কোস্টগার্ডের একটি দল ওই এলাকায় বিশেষ অভিযান চালায়। অভিযানকালে নদীতে থাকা দুটি সন্দেহভাজন ইঞ্জিনচালিত ট্রলারকে থামানো হয়। পরে ট্রলার দুটিতে তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ চোরাই কয়লা জব্দ করা হয়। কোস্টগার্ড জানায়, অবৈধভাবে এই চোরাই কয়লা পরিবহনের সঙ্গে সরাসরি জড়িত থাকার অভিযোগে ট্রলারে থাকা ৪ ব্যক্তিকে হাতেনাতে আটক করা হয়েছে। জব্দকৃত কয়লা, ট্রলার এবং আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত বরিশাল।

১৭/০৬/২০২৬ খ্রিঃ

পলাতক আসামীদের আদালতে হাজির হওয়ার বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিলে উল্লেখিত আসামীদের বিরুদ্ধে তাদের নামের পাশের ১নং কলামে বর্ণিত মামলায় গ্রেফতারী পরোয়ানা জারী রয়েছে এবং ১৮৯৮ সনের ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উল্লেখিত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যেহেতু বিজ্ঞ আদালতের বিশ্বাস করার কারণ রয়েছে যে, ৪নং কলামের আসামীরা পলাতক হয়েছে অথবা নিজে আত্মগোপন করেছে। যেহেতু, উক্ত আসামীরা গ্রেফতার হয়ে বিচারের জন্য আদালতে সোপর্দ হওয়ার আশু সম্ভাবনা নাই। সেহেতু বিজ্ঞ আদালতের আদেশের মর্মমতে ফৌজদারী কার্যবিধির ৩৩৯/বি(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলের ৪নং কলামের আসামীদেরকে ১নং কলামে বর্ণিত মামলায় বিচারের জন্য অত্র বিজ্ঞ জারী হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট আদালতে হাজির হওয়ার জন্য এতদ্বারা নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাদের অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হবে।

মামলা নং	বিচারাধীন আদালতের নাম	ধারা	পলাতক আসামীর নাম ও ঠিকানা
সি আর মামলা নং ১১৭৩/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ শিউলি,পিতা মোঃ আনছার আলী শিকদার,সাং উঃ মনসাতলী,পোঃ ধুপতি ৮৭০০,থানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।
সি আর মামলা নং ১১৯৩/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	রিমন,পিতা মোঃ আনোয়ার হোসেন, সাকিনঃ চলাভাঙা, পোঃ চলাভাংগী ৮৭১০,থানাঃ আমতলী জেলা বরগুনা।
সি আর মামলা নং ১১৭৮/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	ওয়াহেদ সিকদার,পিতাঃ ছয়জদ্দিন সিকদার,সাকিনঃ হরিমৃত্যুঞ্জ, পোঃ কুকুয়া ৮৭১০, থানাঃ আমতলী, জেলাঃ বরগুনা।

(এস এম শরিয়ত উল্লাহ)
(অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
বরিশাল।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৭ জুন ২০২৬ ॥ ০৩ আষাঢ় ১৪৩৩

তিন মাসে প্রথমবার ৮০ ডলারের নিচে নামল তেল

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য শান্তিচুক্তির খবরে বিশ্ববাজারে জ্বালানি তেলের দামে বড় পতন হয়েছে। ইরান যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এই প্রথম আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের বেঞ্চমার্ক 'ব্রেন্ট ক্রুড'-এর দাম ৩ এর পাতায় দেখুন

ইউরোপে পোশাক রপ্তানির আয় তিন মাসে কমেছে ২০ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক
গত বছরের একই সময়ের তুলনায় চলতি বছরের প্রথম তিন মাসে ইউরোপের বাজারে বাংলাদেশের তৈরি পোশাকপণ্য রপ্তানি থেকে আয় প্রায় ২০ শতাংশ কমেছে। ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) পরিসংখ্যান সংস্থা ইউরোস্ট্যাটের সর্বশেষ ৩ এর পাতায় দেখুন

মেডিকেলের হাসপাতালের সামনে ভ্রাম্যমান আদালতের অভিযান

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসংলগ্ন বান্দ রোড এলাকায় অবৈধভাবে জনসাধারণের প্রবেশপথ দখল এবং অস্বাস্থ্যকর পরিবেশে ব্যবসা পরিচালনার অভিযোগে মোবাইল কোর্ট অভিযান চালিয়েছে। অভিযানে পাঁচ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে মোট ৯ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার ১৬ জুন নগরীর ওই এলাকায় বরিশাল সিটি কর্পোরেশনের (বিসিসি) প্রধান নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ জামানের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে দেখা যায়, তিন ব্যক্তি অবৈধভাবে জনসাধারণের চলাচলের পথ দখল করে রেখেছেন। এ অভিযোগে তাঁদের বিরুদ্ধে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর ৯২ (৭) ধারায় মোট ৫ হাজার ৫০০ টাকা অর্থদণ্ড করা হয়।
৩ এর পাতায় দেখুন

অলিম্পিক সিমেন্ট কারখানা বন্ধে পাওনা পরিশোধের দাবিতে শ্রমিকদের ভুখামিছিল

কীর্তনখোলা রিপোর্ট
টানা লোকসান, কাঁচামাল-সংকট ও ঋণপত্র (এলসি) জটিলতায় স্থায়ীভাবে বন্ধ ঘোষণার পর চরম অনিশ্চয়তায় পড়েছেন বরিশালের অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার লিমিটেড কারখানার তিন শতাধিক শ্রমিক-কর্মচারী। বকেয়া পাওনা পরিশোধের দাবিতে মঙ্গলবার তাঁরা ভুখামিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছেন। সকালে নগরের রূপাতলী গ্যাস টারবাইন এলাকার কারখানায় জড়ো হয়ে শ্রমিক ও তাঁদের পরিবারের সদস্যরা ভুখামিছিল করে রূপাতলী বাসস্ট্যান্ড গোলচত্বর এলাকায় যান। এ সময় তাঁরা বিভিন্ন স্লোগান দিয়ে শ্রমিকদের বকেয়া মজুরি ও বিভিন্ন ভাতার টাকা পরিশোধের দাবি জানান। পাশাপাশি বন্ধ ঘোষণা করা কারখানা বিক্রি করলে শ্রমিকদের রেখে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্ত ছেলেকে কুড়াল দিয়ে কুপিয়ে হত্যার স্বীকারোক্তি মায়ের

মঠবাড়িয়া প্রতিনিধি

মঠবাড়িয়ায় আলোচিত পোশাক ব্যবসায়ী আবদুল কাইয়ুম হত্যা মামলার রহস্য উদ্ঘাটন করেছে পুলিশ। আদালতে নিহতের মা মিনারা বেগম (৫৩) নিজে হত্যার কথা স্বীকার করেন। উপজেলার টিকিকাটা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের হাওলাদার বাড়িতে এ হত্যাকাণ্ড সংঘটিত হয়। মঠবাড়িয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) রবিউল ইসলাম জানান, গত ২৪ মে সংঘটিত এ হত্যাকাণ্ডের ঘটনায় গ্রেপ্তার মিনারা বেগম আদালতে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নিহত আবদুল কাইয়ুম দীর্ঘদিন ধরে মাদকাসক্ত ছিলেন। ঘটনার দিন মাদকের টাকা চাওয়াকে ৩ এর পাতায় দেখুন

গবেষণার মানোন্নয়নে বদ্ধপরিকর বরিশাল বিশ্ববিদ্যালয়: ভিসি

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মোঃ মামুন অর রশিদ বলেছেন, 'বিশ্ববিদ্যালয়ের কাজ হলো জ্ঞান সৃষ্টি করা, জ্ঞান চর্চা করা এবং সেই জ্ঞানকে সমাজের কল্যাণে প্রয়োগ করা।' মঙ্গলবার (১৬ জুন) সকাল সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে রিসার্চ মেথডোলজি বিষয়ক দিনব্যাপী এক প্রশিক্ষণ-কার্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. মোঃ মামুন অর রশিদ শিক্ষার্থীদের গবেষণামুখী শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, 'আমরা যতই গবেষক হতে চাই বা গবেষণায় আমাদের যতই আগ্রহ থাকুক না কেন, গবেষণার সঠিক ৩ এর পাতায় দেখুন

জাতীয় পর্যায়ে ৫ম স্থান অর্জন করলো

চরফ্যাশন রেসিডেন্সিয়াল মডেল কলেজের

চরফ্যাশন প্রতিনিধি
৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০২৬ এ দেশের হাজারো প্রতিযোগীকে পেছনে ফেলে জাতীয় পর্যায়ে ৫ম স্থান অর্জন করেছে চরফ্যাশন রেসিডেন্সিয়াল মডেল কলেজ। এই অসাধারণ সাফল্যের মাধ্যমে প্রতিষ্ঠানটি শুধু নিজের গৌরবই বৃদ্ধি করেনি, বরং সমগ্র চরফ্যাশন উপজেলার জন্য এক নতুন ইতিহাস রচনা করেছে। কলেজের উদ্ভাবনী প্রকল্পটি আধুনিক প্রযুক্তিনির্ভর একটি স্মার্ট রোবোটিক সিস্টেম, যা বিজ্ঞান ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে বিএনপি নেতা ওয়াহিদুজ্জামানের জানাজায় মানুষের ঢল

নেছারাবাদ প্রতিনিধি
নেছারাবাদ উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক ও সাবেক উপজেলা চেয়ারম্যান মো. ওয়াহিদুজ্জামানের (৫৮) জানাজায় দলমত-নির্বিশেষে বিপুল মানুষের উপস্থিতি দেখা গেছে। মঙ্গলবার (১৬ জুন) বেলা ১১টায় উপজেলার মিয়ারহাট বন্দরের ঐতিহ্যবাহী ফজিলা রহমান মহিলা কলেজ মাঠে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়। স্থানীয়দের মতে, এটি ছিল এলাকার সাম্প্রতিক সময়ের অন্যতম বৃহত্তম জানাজা। সকাল থেকেই মিয়ারহাট বন্দরের বিভিন্ন সড়কে মানুষের ঢল নামে। জানাজায় অংশ নিতে আসা হাজারো মানুষের ভিড়ে মাঠ ও আশপাশের এলাকা কানায় কানায় পূর্ণ হয়ে যায়। অতিরিক্ত জনসমাগমের কারণে আশপাশের সড়কে অটোরিকশাসহ স্থানীয় যানবাহনের চলাচল সীমিত হয়ে পড়ে। সরেজমিন দেখা যায়, জানাজার আগেই মাঠ ও আশপাশের এলাকা জনসমুদ্রে পরিণত ৩ এর পাতায় দেখুন

নদী ভাঙন রোধের দাবিতে পানি উন্নয়ন বোর্ড ঘেরাও

ভোলা প্রতিনিধি
ভোলার শিবপুর ও মেদুয়ার মেঘনা নদীর ভাঙন রোধে দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবিতে পানি উন্নয়ন বোর্ড ঘেরাও কর্মসূচি পালন করেছে স্থানীয়রা। এসময় ভোলা সদরের শিবপুর ও দৌলতখানের মেদুয়া ইউনিয়নের দুই শতাধিক মানুষ এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। মঙ্গলবার (১৬ জুন) বেলা ১১টার দিকে জেলার যুগিরঘোল এলাকার পানি উন্নয়ন বোর্ড ডিভিশন-১ এর কার্যালয়ের সামনে প্রায় ঘণ্টাব্যাপী এই কর্মসূচি পালন করেন তারা। এর আগে কর্মসূচিতে অংশ গ্রহণ করতে শিবপুর ও মেদুয়া ইউনিয়নের বিভিন্ন এলাকা থেকে
৩ এর পাতায় দেখুন

বাউফলে ইউপি কার্যালয়ে তালা, বিএনপি নেতার বিরুদ্ধে উদ্যোক্তাকে মারধরের অভিযোগ

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফল উপজেলার দাসপাড়া ইউনিয়ন পরিষদের (ইউপি) এক উদ্যোক্তাকে মারধর করে তাঁর ল্যাপটপ ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে বিএনপির স্থানীয় এক নেতার বিরুদ্ধে। মঙ্গলবার দুপুরে ইউপি কার্যালয়ে এ ঘটনা ঘটে। সংশ্লিষ্টদের দাবি, পরে কার্যালয়টির একটি কক্ষ ও মূল ফটকে তালা লাগিয়ে দেন অভিযুক্ত ব্যক্তি। হামলার শিকার ব্যক্তির নাম সাইফুল হাসান (৪৫)। তিনি ওই ইউপির উদ্যোক্তা হিসেবে কর্মরত ও চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেনের শ্যালক। অন্যদিকে অভিযুক্ত ব্যক্তির নাম আলী আজম চৌধুরী। তিনি দাসপাড়া ইউনিয়ন বিএনপির সভাপতি। অভিযোগ আছে, সোমবার কয়েকজন ইউপি সদস্যের কাছ থেকে চেয়ারম্যান জাহাঙ্গীরের বিরুদ্ধে জোর করে অনাস্থা প্রস্তাবে স্বাক্ষর নেন আলী আজম চৌধুরী ও তাঁর সমর্থকেরা। উভয় ঘটনায় উপজেলা ৩ এর পাতায় দেখুন

ব্র্যাকের উদ্যোগে প্রান্তিক খামারিদের মাঝে বিনামূল্যে হাঁসের বাচ্চা বিতরণ ও প্রশিক্ষণ

আশাদুল হক, বোরহানউদ্দিন
ভোলার সদর শাখা এবং মুন্সিরহাট শাখায় ব্র্যাক মাইক্রোফাইন্যান্স (দাবি) এর পক্ষ থেকে প্রান্তিক খামারিদের মাঝে বিনামূল্যে হাঁসের বাচ্চা বিতরণ ও এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। স্থানীয় খামারিদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা এবং প্রাণিসম্পদ উন্নয়নে সহায়তার লক্ষ্যে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্র্যাকের বিভিন্ন পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। তাদের মধ্যে উপস্থিত ছিলেন মুন্সি আলাউদ্দিন আহম্মেদ (ডিভিশনাল ম্যানেজার, সিএসএইউ ইউনিট) মোঃ আব্দুল মালেক জমাদ্দার (আঞ্চলিক ব্যবস্থাপক,(দাবি) ভোলা-১ রঞ্জন কুমার দেবনাথ (এরিয়া ম্যানেজার ভোলা সদর , দাবি) সুধীর কুমার গাইন (এরিয়া ম্যানেজার, প্রগতি) মোহাম্মদ নিজাম উদ্দিন (এলাকা ব্যবস্থাপক, স্বাস্থ্য কর্মসূচি) মোহাম্মদ আমিনুল ইসলাম (উপজেলা হিসাব ব্যবস্থাপক) এছাড়াও অনুষ্ঠানটি সফলভাবে
৩ এর পাতায় দেখুন

কলাপাড়া পৌরসভার ২০২৬-২৭ অর্থবছরের প্রাক-বাজেট সভা

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়া পৌরসভার নগর সমন্বয় কমিটির (টিএলসিসি) ২০২৬-২৭ অর্থবছরের প্রাক-বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৬ জুন) পৌরসভা কার্যালয়ের সম্মেলনকক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউছার হামিদ। সভায় ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত খসড়া বাজেট উপস্থাপন করা হয়। এতে টিএলসিসির সদস্য, পৌরসভার দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভায় অংশগ্রহণকারীরা প্রস্তাবিত খসড়া বাজেট নিয়ে আলোচনা করেন এবং এটিকে ৩ এর পাতায় দেখুন

আমতলীতে মহামারি হাম আক্রান্তে শিশু আদিলের মৃত্যু

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলার পৌরসভা ২নং ওয়ার্ডের হাওলাদার বাড়ির মো. আরিফের ছেলে (৭) মাস বয়সী পুত্র আদিল মহামারী হাম আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছে। পৌরসভা ২নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. মুসা মোল্লা জানান, হাম উপসর্গে আক্রান্ত হওয়ার পর প্রথমে পটুয়াখালী সদর হাসপাতালে ভর্তি হয় কিন্তু শিশুটির শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকার মহাখালী শিশু হাসপাতালে ভর্তি করা হয়।পরবর্তীতে অবস্থার আরও অবনতি হলে সেখানে ২দিন চিকিৎসা শেষে ঢাকার ইউনিভার্সেল হাসপাতালে নিলে শিশু আদিল কে আইসিইউ-তে রাখা হয়। চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার (১৬ জুন) বেলা ১২টার দিকে তার মৃত্যু হয়। শিশু আদিলের মৃত্যুর ৩ এর পাতায় দেখুন

মাদকের টাকা না পেয়ে বাবা-মাকে নির্যাতন, যুবকের কারাদণ্ড

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে মাদকের টাকার জন্য দীর্ঘদিন ধরে বাবা-মাকে নির্যাতন ও ঘরবাড়ি ভাঙচুরের অভিযোগে বিকাশ চন্দ্র বালা (২৬) নামে এক যুবককে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার (১৬ জুন) সকালে গৌরনদী পৌর এলাকার

হরিসেনা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মেহেদী হাসান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং পাঁচ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন। দণ্ডপ্রাপ্ত বিকাশ চন্দ্র বালা হরিসেনা গ্রামের বাসিন্দা বিপুল চন্দ্র বালার ছেলে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গৌরনদী সার্কেলের উপপরিদর্শক ফাইজুল ইসলাম হৃদয় হাওলাদার জানান, দীর্ঘদিন ধরে মাদকাসক্ত বিকাশ ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া পাট চাষীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

আগৈলঝাড়া প্রতিনিধি
বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে পাট অধিদপ্তরের বাস্তবায়নাধীন 'উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (২য় সংশোধিত)' প্রকল্পের আওতায় বরিশালের আগৈলঝাড়া উপজেলার ৫টি ইউনিয়নের পাট চাষীদের নিয়ে দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা পাট অধিদপ্তরের আয়োজনে গতকাল মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক'র সভাপতিত্বে বক্তব্য রাখেন, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা মো. আলমগীর হোসেন, উপজেলা কৃষি কর্মকর্তা সুনীত কুমার রায়, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা তানজিলা রহমান বিথী, গৌরনদী উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা মো. শাহাদাত হোসেন, আগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি মো. শামীমুল ইসলাম শামীমসহ প্রমুখ। উপজেলার ৫টি ইউনিয়ন থেকে ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় ভুয়া ডাক্তারকে তিন মাসের কারাদণ্ড

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়ার শাপলেজা বাজারে ভুয়া চিকিৎসা কার্যক্রম পরিচালনার অভিযোগে এক ব্যক্তিকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার (১৬ জুন) গোপন তথ্যের ভিত্তিতে উপজেলার সাপলেজা বাজারের শাপলা ডায়াগনস্টিক সেন্টারে এ অভিযান পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথ। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অভিযানে বরগুনা জেলার ফুলঝুরি এলাকার বাসিন্দা মো. আবু হুরায়রা দীর্ঘদিন ধরে চিকিৎসক পরিচয়ে অবৈধভাবে চিকিৎসা সেবা প্রদান করে আসছিলেন। এ সময় তার প্রয়োজনীয় নিবন্ধন ও বৈধ কাগজপত্র না থাকায় তাকে আটক করা ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে সাংবাদিকদের তিনদিনব্যাপী প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হয় -কীর্তনখোলা

গৌরনদীতে পিআইবির তিনদিন ব্যাপী সাংবাদিক প্রশিক্ষনের সমাপনী অনুষ্ঠান

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে সাংবাদিকদের দক্ষতা ও মান উন্নয়ের লক্ষে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ পিআইবির এআই ও ফ্যাক্ট চেকিং বিষয়ক তিন দিন ব্যাপী প্রশিক্ষণ সমাপ্তি হয়েছে। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ পিআইবির আয়োজনে মঙ্গলবার বিকেলে উপজেলা পরিষদ মিলনায়তনে প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহিরের সভাপতিত্বে সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মোঃ ইব্রাহীম। বিশেষ অতিথি ছিলেন প্রশিক্ষণের
৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com